যাইতেন। তাঁহার জননী ১৮৯৫ খ্রীঃ ২৯শে নভেম্বর পরলোকগমন কবেন।

ববাহনগব মঠে বাসকালে স্বামীজী একদিন স্বামী সাবদানন্দকে বলিলেন, "পায়ে হেঁটে নবদ্বীপ থেকে বেড়িয়ে এস না, শরৎ।" শরৎ মহাবাজ বাহির হইবেন এমন সময় মহাপুরুষ ( স্বামী শিবানন্দ ) বলিলেন, "শবৎ, আমিও যাব।" শুনিয়া শবৎ মহাবাজ দাঁড়াইলেন। ইতাবসরে তীর্থদর্শন-মানসে ত্রিগুণাতীতজীও বাস্তায় নামিয়া পডিলেন। কিন্তু মহাপুরুষ ও সারদানন্দ মহাবাজ বাস্তায় বাহির হইয়া আব সাবদা মহাবাজকে দেখিতে পাইলেন না ; সুতবাং তাঁহাকে ফেলিয়াই তাঁহারা গন্তব্যস্থানাভিমুখে অগ্রসব হইলেন। বেলা বাডিয়া সূর্য মাথায় উঠিলে তাঁহাবা বিশ্রামেব জন্য এক বাগানেব সম্মুখে বসিলেন। অকস্মাৎ ত্রিগুণাতীতানন্দজী ঐ বাগান হইতে বাহিব হইয়া বলিলেন, "দুপুব হয়েছে কিনা, তাই স্নান ক'বে পিত্তিবক্ষা ক'বে নিলাম।" "পিত্তিবক্ষা ?"— উভয়ে অবাক্ হইয়া প্রশ্ন কবিলেন। ত্রিগুণাতীত মহারাজ বুঝাইয়া বলিলেন, "বাগানের পুকুরে স্নান ক'বে ভাবলুম, কি ক'বে পিত্তিবক্ষা কবি ? দেখলুম কচি দূর্বা রয়েছে, তাই খেয়ে জল খেয়েছি।"

খাওয়া-দাওয়া সম্বন্ধে এমনই সৃষ্টিছাড়া ব্যাপাব ছিল স্বামী ত্রিগুণাতীতের ! একসময়ে পেটের অসুখে ভুগিতেছেন দেখিয়া ব্রহ্মানন্দজী তাঁহাকে শ্রীযুক্ত ডাক্তার বিপিন ঘোষ মহাশয়ের নিকট পাঠাইয়াছিলেন। ভক্ত ডাক্তারবাবু সাধুকে স্বগৃহে পাইয়া এবং আহাবে তাঁহাব রুচি আছে জানিয়া জিজ্ঞাসা করিলেন, "কি খাবে বল ?" সাধু বলিলেন, "রসগোল্লা।" তখনকার দিনের দুই-টাকাব রসগোল্লা একখানি থালায় সজ্জিত হইয়া সম্মুখে উপস্থিত হইলে তিনি নির্বিবাদে সমস্ত শেষ করিলেন। অতঃপর কুশলপ্রশ্নাদিচ্ছলে ডাক্তার জিজ্ঞাসা করিলেন, "আজ কি প্রয়োজনে এলে ?"

সাহেব ঐ কার্যে সহায়তা করিয়াছিলেন বলিয়া একটি সভা করিয়া তাঁহাকে ধন্যবাদ দেওয়া হয়। ঐ উপলক্ষ্যে মিশনেব পক্ষ হইতে ধন্যবাদ-জ্ঞাপনের জন্য ত্রিগুণাতীত মহারাজ মহুলায় প্রেরিত হন। মহুলা হইতেই তাঁহাকে সাহায্যকেন্দ্র-প্রতিষ্ঠার জন্য দিনাজপুরের নিকটবর্তী বিবোল গ্রামে যাইতে হয়। সেখানে তিনি নিজে ভিক্ষান্নে উদব পূরণ করিতেন এবং গৃহে গৃহে যাইয়া চাউল ও বস্ত্র বিতরণ কবিতেন। সাফল্য ও সুনামের সহিত কার্যসমাপনান্তে তিনি কলিকাতায় আসেন।

এদিকে স্বামীজী প্রথমবাবে ( ১৮৯৭ ) খ্রীষ্টাব্দে স্বদেশে ফিবিয়া প্রস্তাব করিলেন যে, শ্রীবামকৃষ্ণের ভাবধারাপ্রচাবেব জন্য একখানি সাময়িক পত্র-পরিচালন আবশ্যক। দৈনিক পত্র স্বামীজীব মনঃপূত হইলেও অর্থাভাবে পাক্ষিক পত্রপ্রকাশেব প্রস্তাবই গৃহীত হইল। উহাব নাম রাখা হইল 'উদ্বোধন'। স্বামীজী উহার জন্য এক সহস্র মুদ্রা দিলেন এবং ঠাকুরের ভক্ত হরমোহন মিত্র আব এক সহস্র ধাব দিলেন। অতঃপর ১৩০৫ বঙ্গাব্দের ১লা মাঘ ( ১৮৯৯ খ্রীঃ, জানুয়ারী ) স্বামী ত্রিগুণাতীতানন্দেব পবিচালনায 'উদ্বোধনের' নিজস্ব ছাপাখানা[৩] হইতে ঐ পত্র বাহিব হইল। এই কার্যে তাঁহাকে প্রাণান্ত পরিশ্রম কবিতে হইয়াছিল বলিলেও অত্যুক্তি হয় না। স্বামীজীব আদেশ ছিল যে, মূলধন ভাঙ্গা চলিবে না। এদিকে অর্থাভাবে কর্মচারী নিয়োগ কবা চলে না, নিজেব আহাবাদিবও সুব্যবস্থা অসম্ভব। পরিস্থিতি এইরূপ প্রতিকূল হইলেও অক্লান্তকর্মা ত্রিগুণাতীত মহারাজ কখনও ভক্তগৃহে ভিক্ষা করিয়া, কখনও অনশনে থাকিয়া অথবা পদব্রজে পাঁচ ক্রোশ পথ চলিয়া একাই সমস্ত কাজ চালাইতে লাগিলেন। ছাপাখানায় দক্ষ কর্মচারী নাই ; যাহারা আছে, তাহারাও নিয়মিত আসে না। ত্রিগুণাতীত মহারাজ অনেক সময় তাহাদিগকে গৃহ হইতে

৩ স্বামীজীর জীবদ্দশায়ই ছাপাখানাটি বিক্রয় হইয়া যায়।

# স্বামী অখণ্ডানন্দ

স্বামী অখণ্ডানন্দের পূর্বনাম ছিল গঙ্গাধব গঙ্গোপাধ্যায়। তাঁহাব পিতা শ্রীমন্ত গঙ্গোপাধ্যায় টোলে অধ্যয়ন করিয়া 'তর্করত্ন' উপাধিলাভ করেন এবং কুলাচার্যের কাজ কবিতেন বলিয়া 'ঘটক ঠাকুব' নামে পবিচিত হন। এই পরিবাবেব আদি বাসস্থান ছিল যশোহবের নড়াইল মহকুমার ব্রাহ্মণডাঙ্গা গ্রামে, কিন্তু গঙ্গাধরের জন্মের প্রায় শত বৎসর পূর্বে ইঁহারা কলিকাতা-প্রবাসী হন। তর্কবত্ন মহাশয় বিশেষ শুদ্ধাচাবী ও নিষ্ঠাবান্ ব্রাহ্মণ ছিলেন। গঙ্গাধবের জন্মকালে তিনি আহিরীটোলা পল্লীতে মাণিক বসুর ঘাট স্ট্রীটে এক ভাড়াটিয়া বাড়িতে বাস কবিতেন। এখানে ১২৭১ বঙ্গাব্দের ১৫ই আশ্বিন (১৮৬৩ খ্রীঃ ৩০শে সেপ্টেম্বর), অমবস্যা তিথিতে (মহালয়ায়) শুক্রবার ভাবী সন্ন্যাসী অখণ্ডানন্দ জন্মগ্রহণ করেন। নিষ্ঠাবান পরিবাবে জাত বালক গঙ্গাধর বুদ্ধি-বিকাশেব সঙ্গে সঙ্গে কৃচ্ছ্রসাধনাদিতে রত হইলেন এবং উপনয়নের পরে স্বপাকভোজন, গীতা-উপনিষৎ-পাঠ এবং পূজা ও ধ্যানাদিতে মনোনিবেশ কবিলেন।

সম্ভবতঃ ১৮৭৭ খ্রীষ্টাব্দের কোন এক শুভ মুহূর্তে তিনি বাল্যবন্ধু হবিনাথের (স্বামী তুরীয়ানন্দের) সহিত বাগবাজারের দীননাথ বসু মহাশয়ের গৃহে শ্রীরামকৃষ্ণের প্রথম পুণ্যদর্শন লাভ করেন। ইহার পর ১৮৮৩ কিংবা ১৮৮৪ খ্রীষ্টাব্দের গ্রীষ্মকালে তিনি দক্ষিণেশ্বরে যাইয়া ঠাকুরের প্রকৃত দর্শন লাভ করেন। এই কয় বৎসরে গঙ্গাধরের ধর্মভাব আরও গভীর এবং দৃঢ়মূল হইয়াছে। তিনি তখন ব্রহ্মচর্যের সমস্ত নিয়ম পালন করেন, তিনবার গঙ্গাস্নান করেন, স্বহস্তে রন্ধনপূর্বক একবেলা হবিষ্যান্ন

একদিন গঙ্গাধর ধ্যানান্তে ফিরিলে ঠাকুর জিজ্ঞাসা করিলেন, "ধ্যান করতে করতে, প্রার্থনা করতে করতে তোর চোখে জল এসেছিল?" গঙ্গাধব যখন উত্তর দিলেন, "এসেছিল," তখন ঠাকুর খুশী হইয়া বলিলেন "প্রার্থনা কি ক'রে করতে হয় জানিস?" এবং ছোট ছেলেব মতো হাত-পা ছুড়িয়া অঝোবে কাঁদিতে ও বলিতে লাগিলেন, "মা, আমায় জ্ঞান দে, ভক্তি দে। আমি কিছু চাইনে, মা। আমি যে তোকে ছাড়া থাকতে পারি না, মা!" যেন একটি ছোট ছেলে কাঁদিতেছে। ঠাকুর গঙ্গাধবকে আরও শিখাইয়া দিলেন "অনুতাপাশ্রু চোখেব কোণ (নাকের দিক) দিয়ে আসে আর প্রেমাশ্রু চোখেব প্রান্ত দিয়ে গডিয়ে পড়ে।"

আব একদিন ঠাকুবেব নিকট তিনি শিখিলেন কাঞ্চনে আসক্তিত্যাগ। সেদিন একটি লোক আসিয়া পয়সা চাহিলে ঠাকুব গঙ্গাধবকে কোণেব দিকে তাকের উপরে যে চারিটি পয়সা ছিল, উহা লোকটিকে দিতে বলিলেন। পয়সা দিয়া ফিরিলে তিনি গঙ্গাধবকে গঙ্গাজলে হাত ধুইতে বলিলেন এবং মা-কালীব পটের সম্মুখে লইয়া গিয়া 'হরিবোল, হরিবোল' বলাইতে ও অনেকবাব হাত ঝাড়াইতে লাগিলেন। ইহার কিঞ্চিৎ পূর্বে গঙ্গাস্নানে গিয়া ঠাকুব দেখিয়াছিলেন যে, ঘাটে একজন ব্রাহ্মণ কালীবাড়ির খাজাঞ্চীর সহিত বৈষয়িক আলোচনা করিতেছেন। পরে সেই ব্রাহ্মণ ঠাকুরেব ঘরে আসিয়া হরিশের খোঁজ লইলে ঠাকুর প্রশ্নের কোন উত্তর না দিয়া গঙ্গাতীরে বিষয়চিন্তার জন্য তাঁহাকে তীব্র তিরস্কার করিলেন। বলা বাহুল্য, ইহাতে ব্রাহ্মণের চৈতন্য না হইয়া বিবক্তিবই উদয় হইল এবং তিনি বিনা বাক্যব্যয়ে চলিয়া গেলেন। ব্রাহ্মণ বিদায় লইলে ঠাকুর গঙ্গাধরকে বিষয়ীর স্পর্শযুক্ত ঐস্থান গঙ্গাজলে ধুইতে বলিলেন।

তারপর স্বধর্মনিষ্ঠা। বিখ্যাত থিয়োসফিস্ট কর্ণেল অল্‌কট কলিকাতায় আসিলে উক্ত সম্প্রদায়ের এক ব্যক্তি একদিন ঠাকুরকে সগর্বে জানাইলেন

উপায়ান্তর না দেখিয়া দুই দিন মন্দির-চত্বরে থাকিয়া তিনি অন্যত্র যাত্রা করিলেন। অবতরণপথ বলিতে কিছুই নাই—যাহা আছে তাহাও বনাচ্ছাদিত। অতএব শীঘ্রই তিনি পথভ্রষ্ট হইয়া যথেচ্ছ নামিতে লাগিলেন; ক্রমে উতবাই এমনই বিষম হইয়া উঠিল যে, হামাগুড়ি দিয়া কিংবা বৃক্ষলতাদি ধরিয়া অকস্মাৎ এক শস্যক্ষেত্রে অবতরণ কবিলেন। সেখানে এক পাহাড়ী চাষী তাঁহাকে দেখিয়া অবাক—সাধু আসিল কোথা হইতে? আর বলিয়া উঠিল, "ধন্য মাই চন্দ্রবদনী! তিনি তোমায় বাঁচিয়েছেন—এ পথে শিকারীবাও চলে না।"

ইহাব পবে শ্রীনগবে যাইয়া তিনি ৺কমলেশ্বব-মঠে আশ্রয় লইলেন। মঠের মোহান্তজী তাঁহাকে একখানি কম্বল দিলেন। তারপব তিনি অলকানন্দা ও মন্দাকিনীর সঙ্গম এবং কেদারনাথ ও বদরীনারায়ণেব পথদ্বয়ের মিলনস্থল রুদ্রপ্রয়াগ অতিক্রম কবিয়া অগস্ত্যমুনিতে এক বৈষ্ণব সাধুব সহিত মিলিত হন। ঐ সাধুকে নিঃসম্বল দেখিযা ধ্যানস্তব্ধ তাঁহাব দেহে নিজ কম্বলখানি জডাইয়া দিয়া তিনি উখিমঠে চলিয়া যান। এখানে মোহান্তের নিকট আর একখানি কম্বল পাইলেন। অতঃপর তিনি কেদারনাথেব পথে চলিলেন। গুপ্তকাশীতে পূর্বপরিচিত এক উদাসী সাধুব সহিত সাক্ষাৎ হইলে সাধু উপযুক্ত শীতবস্ত্রের অভাবে কষ্ট পাইতেছেন দেখিয়া তিনি স্বীয় মোটা কম্বলখানি সাধুর স্কন্ধে তুলিয়া দিয়া তাঁহার পাতলা কম্বলখানি চাহিয়া লইলেন। এখন হইতে উহাই হইল তাঁহার বৎসরব্যাপী পর্বতভ্রমণের সাথী। ক্রমে কেদারনাথের সন্নিকটে আগমন করিয়া তাঁহার মনে যে অপূর্ব ভাবোদয় হইল, তাহা তিনি স্বয়ং এইরূপে প্রকাশ করিয়াছেন—"শ্রীকেদারশৈলের পাদমূলে আমি যে পরমাদ্ভুত মহান্ বিরাট মূর্তি দর্শন করিলাম, এতদিন হিমালয়ে আর কোথাও আমি সেরূপ দেখি নাই। হরপার্বতীর প্রিয় বিলাসনিকেতন শ্রীকেদারশৈলের

হউক, ইহাদেব সেবাই পবমধর্ম জানিবে।” কার্যক্ষেত্র সম্মুখেই ছিল; নেতাব নির্দেশে উহাতে প্রবেশ কবিতে তাঁহাব আর দ্বিধা রহিল না। বাজাব একটি এণ্ট্রান্স স্কুলে মাত্র আশিটি উচ্চবর্ণের ছাত্র ছিল। নানা আপত্তি সত্ত্বেও তিনি বাজার অনুমতিক্রমে গোলা (অর্থাৎ বাজপ্রাসাদের ভৃত্য) জাতীয় ছাত্রদিগকেও সেখানে ভর্তি কবাইলেন এবং ক্রমে ছাত্রসংখ্যা দুই শততে উঠিল।

খেতড়ি হইতে জয়পুব এবং জয়পুব হইতে উদয়পুব—ইহাই তাঁহার পববর্তী ভ্রমণের ক্রম। উদয়পুবে তিনি বামবাগ নামক বাগানে পালা-গনেশজীব মন্দিবে আশ্রয় পাইলেন। বাজদরবাব হইতে অন্যান্য সন্ন্যাসীদেব ন্যায় তাঁহাবও ভোজনাদিব ব্যবস্থাব প্রস্তাব আসিলে তিনি জানাইলেন যে, বাজ্যেব কেহ অভুক্ত না থাকিলেই তিনি মহারানার সিধা লইতে পাবেন। বলা বাহুল্য, এরূপ উত্তবে বাজ্যেব অমাত্যগণেব শুধু ক্রোধবৃদ্ধিই হইল। আব একদিন এক নিরক্ষব নাগা সাধু তাঁহাকে প্রশ্ন কবিল, “মহাবাজ, লঙ্কায় এখন কাব বাজ্য?” অখণ্ডানন্দজী বলিলেন, “কেন, ইংবেজেব।” নাগা বক্তচক্ষু ঘূর্ণিত কবিয়া বলিল, “কভী নহীঁ, ওহ বিভীখন্‌কা বাজ্য হ্যায়।” নাগা ধবিয়া লইয়াছিল যে, রামচন্দ্রের ববে অমর বিভীষণ এখনও লঙ্কাব বাজা! এই অকাট্য যুক্তির সম্মুখে খ্রীষ্টানী পুস্তকলব্ধ বিদ্যা পবাজয় মানিতে বাধ্য হইল। ফলতঃ তিনি উদয়পুবে প্রতিকূল পবিবেশের মধ্যে কিছুই করিতে না পারিয়া অন্যত্র চলিলেন। বিদায়কালে স্বামী বামকৃষ্ণানন্দেব পত্রে পড়িলেন, “স্বামীজী সকল গুরুভাইকে জীবসেবাকার্যে আত্মনিয়োগ কবিতে উপদেশ দিয়াছেন।”

উদয়পুবের পর ৺একলিঙ্গদর্শনান্তে শ্রীনাথদ্বারায় পৌঁছিয়া তিনি রঘুনাথজী ভাণ্ডারীর গৃহে অতিথি হইলেন এবং গৃহস্বামীর পুত্রকে

দশ-বাব জন ছোট-বড ছেলে-মেয়ে দোকানে আসিয়া আমার কাছে সকাতবে ভিক্ষা চাহিয়া বলিল যে, তাহারাও অকালেব জন্য খাইতে পায় না। আমি তখনই সেই দোকানীকে তিন আনার চিঁড়ে-মুড়কি প্রত্যেককে ভাগ কবিয়া দিতে বলিলাম। তাহার পর আমি কপর্দকহীন সন্ন্যাসী।" এই আর্তিব কোন প্রতিকাব না দেখিয়া তিনি পবদিন প্রাতে অন্যত্র যাইতে উদ্যত হইয়াছেন , এমন সময় এক অর্ধবযস্কা নারী তাঁহাকে বলিল, "প্রায় আশী-নব্বই বছবেব বুড়ী গয়া বৈষ্ণবীব তুমি যদি একটা কিনাবা করে না যাও, তবে সে দু-এক দিনেব মধ্যেই মাবা যাবে।" সুতবাং উদরাময়-বোগগ্রস্তা বৃদ্ধার পথ্য, বস্ত্র ও সেবাদিব ব্যবস্থাব জন্য তাঁহাকে কিয়ংক্ষণ থাকিতেই হইল। এই কার্যসমাপনান্তে তিনি দাদপুর হইতে যতই অগ্রসর হইতে লাগিলেন দুর্ভিক্ষেব করালমূর্তি ততই তাঁহার মনকে পীড়া দিতে লাগিল। ভাবগ্রস্ত মন লইয়া বিক্তহস্ত সন্ন্যাসী ক্রমে ভাবতা গ্রামে পৌছিলেন। তথায় বাত্রিযাপনান্তে প্রাতে বহরমপুবের পথে চলিতে গিয়া তিনি দেখেন, কে যেন তাঁহাকে নীচেব দিকে টানিয়া ধবিতেছে। তিন-চাবি বার এইরূপ হইলে তিনি ঐ অঞ্চলে থাকিয়া সেবাকার্য করিতে কৃতসঙ্কল্প হইলেন এবং আলমবাজাব মঠে দুর্ভিক্ষেব বিববণসহ পত্র লিখিলেন। অতঃপর তিনি চৈত্র-সংক্রান্তিতে ( ১৩০৩ ) চকের মাঠ মহুলা হইতে কেদারমাটি বহুলায় যাইয়া মঠের নির্দেশের অপেক্ষা করিতে লাগিলেন। ঐ গ্রামে এক শাস্ত্রজ্ঞ তান্ত্রিক সন্ন্যাসী কিছুদিন বাস করিয়া দুই-এক বংসব পূর্বে দেহরক্ষা কবেন। গ্রামেব লোকেরা তাঁহাকে 'দণ্ডী ঠাকুর' বলিত এবং স্বামী অখণ্ডানন্দকেও তদনুরূপ সন্ন্যাসী মনে করিয়া 'দণ্ডী ঠাকুব' নামে অভিহিত কবিতে লাগিল।

১৩০৪ সালের ১লা বৈশাখ হইতে দণ্ডী ঠাকুর প্রত্যহ বৈকালে গীতা পাঠ করিয়া জনসাধারণকে শুনাইতে লাগিলেন। "কর্মপ্রেরণায় তাঁহার

বোগশয্যা-পার্শ্বে তাঁহাব আবির্ভাব প্রায়ই হইত এবং রোগীও তাঁহার দর্শনে অশেষ সান্ত্বনা পাইত। এই বিষয়ে সন্ন্যাসী, ব্রহ্মচারী, পাচক-ভৃত্য কেহই বঞ্চিত হইত না, তাহাদেব ঔষধ-পথ্যাদিব ব্যবস্থাব জন্য তিনি সর্বদাই তৎপর থাকিতেন। একবাব এক যুবক ছাত্র বসন্ত বোগে আক্রান্ত হইলে অপর সকলে যখন প্রাণভয়ে দূরে সবিয়া গেল, তখন খোকা মহাবাজ তাহাব নিকট উপস্থিত হইয়া সযত্নে সেবাদিদ্বাবা তাহাকে রোগমুক্ত করিলেন। দরিদ্র ও অসহায় বোগীদের জন্য তিনি অপরেব নিকট ভিক্ষার্থী হইতেন। বেলুড গ্রামেব অনেকে চাল ও অর্থাদির জন্য তাঁহাব মুখাপেক্ষী থাকিত। ভক্তদেব অসুখেব সময়ও তিনি অপ্রত্যাশিতরূপে তাঁহাদেব গৃহে উপস্থিত হইয়া সকলকে অবাক কবিয়া দিতেন।

তাঁহাব অনাড়ম্বব জীবনদর্শনে সহসা কেহ তাঁহাব গভীর আধ্যাত্মিকতাব পবিচয় পাইত না। ইহাতে লাভ ছিল এই যে, সকলেই অকুণ্ঠচিত্তে তাঁহাব নিকট উপস্থিত হইতে পাবিত এবং নিজ নিজ জাগতিক বা আধ্যাত্মিক প্রয়োজন তাঁহাকে জ্ঞাপন কবিয়া তাঁহাব আশীর্বাদলাভে চবিতার্থ হইত। অথচ স্বীয় অধ্যাত্মশক্তি-গোপনেব কোন বৃথা প্রচেষ্টা তাঁহার জীবনে ছিল না। তাই সাধারণ আলাপ-পরিচয়ের মধ্যেও অধ্যাত্মস্তরেব যে দ্যোতনা আপনা হইতেই স্ফুরিত হইত তাহাতেই আগন্তুকগণ ধন্য হইত। ভাবিয়া স্তম্ভিত হইতে হয় যে, এইরূপ উচ্চশক্তিসম্পন্ন মহাপুরুষ কিরূপে বালক-বৃদ্ধ-যুবক সকলেরই সহিত সমভাবে মিশিতে পারিতেন—তখনকার মত বয়স, বুদ্ধি ও অনুভূতির পার্থক্যাদি যেন মুছিয়া যাইত।

মঠজীবনের প্রথমাবস্থায় তাঁহার এক প্রধান কার্য ছিল স্বামী অদ্বৈতানন্দের সহিত উদ্যানের তত্ত্বাবধান করা। অধিকন্তু অন্যান্য কর্মেও তাঁহাকে সর্বদা ব্যস্ত থাকিতে দেখা যাইত। কখনও তিনি হয়তো অখণ্ডানন্দজীর

সহিত ঠাকুরপূজাব জন্য নাগেশ্বব চাঁপার সন্ধানে ফিরিতেন, কখনও শ্রীরামকৃষ্ণোৎসবেব আয়োজনে ঘুরিতেন, কখনও রুগ্ন গুরুভ্রাতাদের সেবায় নিযুক্ত থাকিতেন, আবার কখনও এটোয়ায় যাইয়া গুরুভ্রাতা হবিপ্রসন্নকে ( বিজ্ঞানানন্দজীকে ) মঠেব অবস্থা বুঝাইয়া অর্থসাহায্যেব ব্যবস্থা কবিতেন।

উত্তরকালেও মঠেব সর্ববিধ বিভাগের সহিত তাঁহার একটা প্রাণেব সংযোগ ছিল। একদিন অপরাহ্নে দেখা গেল, তিনি একটা বালতি লইয়া হন হন করিয়া চলিয়াছেন, উহাতে আছে কিছু নারিকেল-ছোবড়া, পাটের দড়ি ও একখানি ছুবি। কাবণ জিজ্ঞাসিত হইয়া তিনি বলিলেন, "মহাবাজ ( ব্রহ্মানন্দজী ) অনেক কষ্ট করে নানা জায়গা থেকে এই সব গাছ যোগাড করেছেন। কলম কবে এদেব চারা কবে রাখলে, নানা জায়গায় বসানো যাবে। এই সব গাছ যদি মবেও যায়, তাদের কলমগুলি থাকবে।" কলম তিনি স্বহস্তে বাঁধিতেন এবং তজ্জন্য অনেক সময় গাছেও উঠিতেন। বয়স তাঁহাব তখন ষাটের উপব।

তাঁহার কর্মজীবনে একটি বিশেষ লক্ষ্য করিবার বিষয় এই ছিল যে, তিনি সর্বদা আপনাকে 'খোকা' বলিয়াই ভাবিতেন এবং সকলের সহিত তদনুরূপ অকপট ও নিরভিমান ব্যবহাব কবিতেন, আর তাঁহার প্রত্যেক আচরণের সহিত মিশ্রিত থাকিত একটা হৃদয়স্পর্শী সরসতা। তিনি নিজেব ব্যক্তিগত সমুদয় কার্য নিজেই করিতেন—অপর কেহ সাহায্যার্থে অগ্রসর হইলেও সবিয়া দাঁড়াইতেন না। শুধু বিশেষ ক্ষেত্রেই ইহার অন্যথা হইত। একদিন অন্তত্র বস্ত্রাদিতে সাবান দেওয়ার পরে উহা পুষ্করিণীতে ধুইতে গিয়া তিনি দেখেন, স্বল্পপরিসর ঘাটে একজন ব্রহ্মচারী সাবান দিয়া বস্ত্র পরিষ্কার করিতেছে। তাই তিনি ব্রহ্মচারীকে স্বীয় কাপড়গুলিও ধুইয়া দিতে বলিলেন। ব্রহ্মচারী কহিলেন, "মহারাজ,

তাঁহাব সঙ্কল্প চিবপ্রতিহত হইতে বসিয়াছে। শ্রীধব চিন্তাক্লিষ্ট-হৃদয়ে বসিযা আছেন, এমন সময় একটি টিকটিকিব ডিম পড়িয়া ফাটিয়া গেল এবং উহা হইতে এক শাবক নির্গত হইল। তখনই একটি পোকা উহাব সম্মুখে উপস্থিত হইল আব সেও তাহা গলাধঃকবণ কবিল। তদ্দর্শনে শ্রীধবেব অনুভূতি হইল যে, সৃষ্টিব পশ্চাতে একটা সুচিন্তিত পবিকল্পনা বহিয়াছে এবং জন্মেব পূর্ব হইতে ভগবান সকলের সুব্যবস্থা কবিযা বাখিয়াছেন। দুশ্চিন্তানির্মুক্ত শ্রীধব তখনই সংসাব ছাড়িযা চলিলেন।

খোকা মহারাজেব পূর্বাশ্রমেব অবস্থা তখন বেশ সচ্ছল। একবার তাঁহাবা প্রস্তাব কবিলেন যে, সম্পত্তিব আয়েব একটা অংশ খোকা মহাবাজকে দিবেন , কিন্তু তিনি উত্তব দিলেন, "আমি সন্ন্যাসী সর্বত্যাগী, আমাব টাকা-পয়সাব প্রয়োজন নেই। ঐ টাকা দিয়ে সাধু-গবীব-দুঃখীব সেবা কবো।"

সুবোধানন্দজীব জীবনাপবাহ্ন ব্যয়িত হইয়াছিল জনসাধাবণকে শ্রীরামকৃষ্ণেব বাণী শুনাইতে এবং বিশেষ আগ্রহবান ভক্তদিগকে ধর্মপথে পবিচালিত কবিতে। ভগবৎ-প্রেবণায় অঙ্গীকৃত এই কঠিন বর্ত্মে চলিযা তাঁহাকে উৎসবাদি উপলক্ষে পূর্বভাবতেব বহু স্থানে পুনঃপুনঃ গমনাগমন করিতে হইয়াছিল এবং সেবাবুদ্ধিতে বহু প্রাণে শান্তিবাবি-সিঞ্চনব্যপদেশে নিজেকে নিঃশেষে বিলাইয়া দিতে হইযাছিল। বলিতে গেলে প্রায় ১৯১৫ খ্রীষ্টাব্দ হইতেই এই কর্মধাবাব সূত্রপাত হয়। ঐ বৎসবেব শেষে তিনি বাঁচিতে যাইয়া প্রায় চাবি মাস ছিলেন। অতঃপব কাশী হইয়া মঠে ফিবেন। ১৯১৬ খ্রীষ্টাব্দেব শেষেও তিনি বাঁচিতে গিয়াছিলেন। ঐ সময়েব একখানি পত্রে ( ২১।৯।১৬ ) আছে—"সন্ধ্যা থেকে বাত্রি আটটা অবধি শরৎবাবুব ( শবৎ চন্দ্র চক্রবর্তীব ) বাসায় ঠাকুবের সম্বন্ধে কথাবার্তা হয়, যেমন তোমাদেব বৈঠকখানায় হইত।" এইবাবে তিনি

নিরত রহিলেন। একদিকে যেমন চিকিৎসকের পরামর্শানুসারে অসুস্থ শরীরের চিকিৎসা চলিতে লাগিল এবং স্বাস্থ্যোদ্ধারকল্পে কাশী, ভুবনেশ্বব প্রভৃতি অঞ্চলে মধ্যে মধ্যে গতায়াত হইতে থাকিল, অন্যদিকে তেমনি চলিতে লাগিল দীক্ষা ও উপদেশদান—বঞ্চিত কেহ হইল না। ইহারই মধ্যে ১৯২৭-এর দ্বিতীয় পাদে কাশীতে একবাব জ্বব ও পৃষ্ঠে ব্যথার দরুন কিছুদিন শয্যাগ্রহণ কবিতে হইয়াছিল। এইরূপে ভাল-মন্দ লইয়াই শরীব চলিতে লাগিল। কিন্তু সকলেই বুঝিতে পারিলেন যে, মূল রোগ ক্রমেই দেহকে দুর্বলতর ও কৃশতর কবিয়া ফেলিতেছে। অতএব এ্যালোপ্যাথিক চিকিৎসা ছাড়িয়া আয়ুর্বেদমতে শ্রীযুক্ত শ্যামাদাস কবিবাজ মহাশয়ের চিকিৎসা আবম্ভ হইল এবং কিছুদিন উহাতে বেশ সুফলও দেখা গেল। কিন্তু ১৯২৯ ইং-তে পুনর্বার আমাশয়েব আবির্ভাব হওয়ায় বায়ুপরিবর্তনের জন্য তিনি বথযাত্রার পরে ভুবনেশ্বরে গমন করিলেন।

এবারে ভুবনেশ্বব হইতে তিনি অপেক্ষাকৃত উত্তম স্বাস্থ্য লইয়াই ফিরিলেন এবং কিছুকাল মঠে বেশ আনন্দে কাটিল। কিন্তু ১৯৩০ ইং-এর শেষভাগে তাঁহার শরীব বিশেষ অসুস্থ হইল এবং ১৯৩১ ইং-এর প্রারম্ভ হইতে ক্ষয়রোগের লক্ষণ দেখা দিল। সব বুঝিয়াও তিনি নির্বিকার-চিত্তে লিখিলেন (৫।২।৩১), "আরও কতদিন এই শরীরেব দ্বারা কাজ করাবেন, তিনিই জানেন। শরীর থাক বা যাক—আমার কিছুতেই আপত্তি নাই।" ইহারই আড়াই মাস পরে (১৮।৪।৩১) তিনি পুনঃ লিখিলেন, "গত শনিবার হইতে আমার গলা দিয়া রক্ত পড়িতে আরম্ভ হইয়াছে।" বেলুড়ে বোগের উপশম হইতেছে না দেখিয়া তাঁহাকে একবার জামতাড়ায় পাঠানো হয়। সেখানে তিনি অন্তরে আনন্দে ভরপুর ছিলেন এবং একদিন শ্রীরামকৃষ্ণের দর্শনও পাইয়াছিলেন। ইহার পরে

দিয়ে আগামী বৎসর দেব।" বাধিকাপ্রসাদ দুর্ভাগ্যক্রমে দ্বিতীয় স্থান অধিকাব না কবিতে পারিলেও হবিপ্রসন্নের সহৃদয়তায় তিনি মুগ্ধ হইয়াছিলেন এবং উহা স্মরণ রাখিয়া পঞ্চমুখে তাঁহার প্রশংসা করিতেন। পরবর্তী বৎসবেব (১৮৯২) পবীক্ষায় হবিপ্রসন্ন দ্বিতীয় স্থান অধিকাব করিয়া কলেজ ত্যাগ করেন। তাঁহার প্রথম না হইবার কারণস্বরূপে জানা যায় যে, তাঁহাদের কলেজের ভূতত্ত্বেব অধ্যাপক একজন খ্রীষ্টান পাদ্রী হিন্দুধর্মেব নিন্দা কবিতে বেশ পটু ছিলেন। একদিন তিনি জন্মান্তরবাদের বিদ্রূপ করিলে হরিপ্রসন্ন সমুচিত উত্তর দিলেন। ইহাতে অধ্যাপক নিরস্ত হইলেন, কিন্তু ছাত্রের এই ঔদ্ধত্যেব প্রতিশোধ লইলেন প্রশ্নোত্তর-পবীক্ষার কালে। ভূতত্ত্বে কম নম্বব পাইয়া হবিপ্রসন্নকে দ্বিতীয় স্থান গ্রহণ কবিতে হইল।

বাল্যে বেলঘবিয়ায় পিতৃগৃহে বাসকালেই তিনি শ্রীবামকৃষ্ণেব পুণ্যদর্শন লাভ করিয়াছিলেন। সেইদিন বিকালে চাবিটাব সময় তিনি সমবয়স্কদেব সহিত এক পরিচিত বালকের বাটীতে খেলা কবিতেছেন, এমন সময় একটি সঙ্গী সংবাদ আনিল, পরমহংস মহাশয় বেলঘবিয়াব উদ্যানে আসিয়া ( ১৮৭৯ খ্রীঃ, ১৫ই সেপ্টেম্বব ) কেশবচন্দ্রেব সহিত মিলিত হইয়াছেন। ক্রীড়ারত হবিপ্রসন্নেব পরিধানে একখানি মাত্র ধুতি। ঐ অবস্থায়ই তিনি 'নূনকোট' খেলা ত্যাগ কবিয়া সঙ্গীদের সহিত পবমহংসকে দেখিতে চলিলেন। তখন পবমহংস সম্বন্ধে কৌতুক ব্যতীত তাঁহার কোন স্পষ্ট ধাবণা ছিল না, আব গেরুয়াব প্রতি একটু ভীতিও ছিল। তাই এই দর্শনের স্মৃতি তাঁহার মনে অতি অস্পষ্ট ছিল এবং বর্ণনাকালে অন্যান্য দর্শনের সহিত মিশ্রিত হইয়া পড়িত। তাঁহাব দ্বিতীয় দর্শন হয় দেওয়ান গোবিন্দ মুখার্জিব গৃহে (১৮ ফেব্রুয়ারি, ১৮৮৩)। উক্ত দর্শন সম্বন্ধে তিনি বলেন, "গিয়ে দেখি, ঠাকুব সাদা কাপড় পরা, দাঁড়িয়ে আছেন। এক অদ্ভুত দৃশ্য! মুখের ভাব যেন কিরকম! পাকা ফুটি যেমন ফেটে যায়,

তাঁহাব পদার্পণ হইয়াছিল। ১৯৩১ খ্রীষ্টাব্দের শেষভাগে তিনি দক্ষিণভ্রমণে গমনপূর্বক ক্রমে কাঞ্চী ও মাদুরা-দর্শনান্তে ত্রিবান্দ্রম হইয়া কন্যাকুমারীতে উপস্থিত হন। সেখানে স্বামীজীর এক গভীর অনুভূতির সহিত চিরবিজড়িত ভারতের শেষ প্রস্তরখানিকে তিনি প্রায় অর্ধঘণ্টা যাবৎ নির্নিমেষনয়নে নিরীক্ষণান্তে মন্দিরে দেবীকে দর্শনপূর্বক পুনর্বার ত্রিবান্দ্রম হইয়া ৺রামেশ্বরদর্শনে গমন করিলেন। রামেশ্বর হইতে প্রত্যাবর্তনান্তে তিনি এই যাত্রায় বাঙ্গালোর, মহীশূব এবং উতকামণ্ডেও গিয়াছিলেন। পববৎসর সেপ্টেম্বর মাসে তিনি চিত্রকূট দর্শন করিয়া তাঁহাব দীর্ঘকালেব একটি সাধ মিটাইলেন। অতঃপব ঐ বৎসরই শীতকালে দ্বাবকাধাম-দর্শনান্তে বাজকোট আশ্রমে গমন কবেন এবং তথা হইতে বোম্বাই নগরে উপনীত হন।

১৯৩৩ অব্দের অপ্রিল মাসে তিনি দিল্লী ও লাহোর হইয়া পেশোয়ার ও লাণ্ডিকোটালে গমন কবেন। তিনি সিংহলভ্রমণেও গিয়াছিলেন ঐ বৎসবই। সিংহলে অবস্থানকালে তিনি কেলানিয়া মন্দির, কাণ্ডিব দন্ত-মন্দিব এবং অনুরাধাপুবমের বোধিবৃক্ষ—বৌদ্ধদেব এই তিনটি প্রধান তীর্থ, সিংহলের গ্রীষ্মাবাস নুয়ারা ইলিয়া এবং বাটিকালোয়া ও ত্রিন্‌কোমলীতে রামকৃষ্ণ মিশনের কার্যাবলী দর্শন কবেন।

১৯৩৫ অব্দেব মার্চ মাসে তিনি প্রয়াগ হইতে বেলুড় হইয়া ভুবনেশ্বরে গমন করেন এবং তথা হইতে মোটবে কোণারকের সূর্যমন্দির দেখিয়া আসেন। এতদ্ব্যতীত ঐ বৎসর তিনি দিনাজপুর, তমলুক, কামাবপুকুর, জয়রামবাটী প্রভৃতি স্থানেও গিয়াছিলেন। ঐ বৎসরই ২৭শে অক্টোবর নিজস্ব ভূমিতে কানপুরের রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের ভিত্তিস্থাপন কবেন। ঢাকা, বরিশাল ও পাটনায় ১৯৩৫ অব্দেই তাঁহার শুভ পদার্পণ হয়। এই সমস্ত স্থলে দীক্ষা ও উপদেশাদি দ্বারা তিনি বহু ভক্তকে কৃপা করেন।

হইয়াছিলেন। কাশীধামে পৌছিয়া মথুরবাবু কেদারঘাটের উপরে পাশাপাশি দুইখানি বাটী ভাড়া লইয়াছিলেন। পূজা, দান প্রভৃতি সকল বিষয়ে তিনি এখানে মুক্তহস্তে ব্যয় কবিয়াছিলেন। ঐ কারণে এবং বাটীর বাহিবে কোনস্থানে গমন কবিবার কালে রূপাব ছত্র ও আসাসোঁটা প্রভৃতি লইয়া তাঁহার অগ্রপশ্চাৎ দ্বাববানগণকে যাইতে দেখিয়া লোকে তাঁহাকে একজন রাজবাজড়া বলিয়া ধারণা কবিয়াছিল। কৃপণ মথুব ঠাকুরের কথায় কাশীতে 'কল্পতরু' হইয়া দান কবিলেন, আবশ্যকীয় পদার্থ যে যাহা চাহিল, তাহাকে তাহাই দিলেন। ঠাকুবকে সে সময়ে কিছু চাহিতে অনুবোধ কবায় তিনি কিছুরই অভাব খুঁজিয়া পাইলেন না; বলিলেন, "একটি কমণ্ডলু দাও।" তাহাব ত্যাগ দেখিয়া মথুরের চক্ষে জল আসিল। কাশীতে থাকা কালে মথুরের ব্যবস্থানুসারে ঠাকুর প্রায় প্রত্যহ পানসিতে চাপিয়া বিশ্বনাথজীউর দর্শনে যাইতেন। এতদ্ব্যতীত অন্যান্য দেবদেবী-দর্শনেরও সমুচিত ব্যবস্থা তিনি করিয়া দিয়াছিলেন।

পাঁচ-সাত দিন কাশীতে অবস্থানের পব ঠাকুব মথুবেব সহিত প্রয়াগে গমনপূর্বক পুণ্যসঙ্গমে স্নান ও ত্রিরাত্রিবাস করিয়াছিলেন। প্রয়াগ হইতে মথুরবাবু পুনরায় কাশীতে ফিরিয়াছিলেন এবং একপক্ষকাল তথায় বাস করিয়া শ্রীবৃন্দাবনদর্শনে গিয়াছিলেন। শ্রীবৃন্দাবনে মথুর নিধুবনের নিকটে একটি বাটীতে উঠিয়াছিলেন এবং পত্নীসমভিব্যাহারে দেবস্থান-সকল দর্শন করিতে যাইয়া প্রত্যেক স্থলে কয়েক খণ্ড গিনি প্রণামীস্বরূপ প্রদান করিয়াছিলেন। একপক্ষকাল আন্দাজ শ্রীবৃন্দাবনে থাকিয়া মথুরপ্রমুখ সকলে পুনরায় কাশীধামে আগমন কবেন এবং ৺বিশ্বনাথের বিশেষ বেশদর্শনের জন্য ১২৭৫ সালের বৈশাখ মাস পর্যন্ত অবস্থান করেন। কাশী হইতে শ্রীযুক্ত মথুরের গয়াধামে যাইবার বাসনা ছিল; কিন্তু ঠাকুরের ঐ বিষয়ে বিশেষ আপত্তি থাকায় তিনি ঐ সঙ্কল্প পরিত্যাগপূর্বক

# শম্ভুচরণ মল্লিক

শ্রীযুক্ত শম্ভুচরণ[১] মল্লিক মহাশয়ের পিতাব নাম ছিল সনাতন মল্লিক। ইনি পিতাব একমাত্র পুত্র এবং ইঁহাবা জাতিতে সুবর্ণবণিক। ইঁহাদের বাড়ি ছিল কলিকাতার সিঁদুরিয়াপটি পল্লীতে। দক্ষিণেশ্বরের ৺কালী মন্দিবের নিকটে তাঁহাব যে উদ্যানবাটী ছিল, সেখানেও তিনি প্রায়ই বাস করিতেন। ব্রাহ্মসমাজেব সহিত, এবং বিশেষতঃ শ্রীযুক্ত কেশবচন্দ্র সেনের সহিত তাঁহাব ঘনিষ্ঠতা ছিল। তিনি এক বিদেশী সওদাগবেব আফিসে মুৎসদ্দী কাজে প্রচুর অর্থ উপার্জন করিয়াছিলেন এবং দান, চবিত্রবল ও ভক্তিমত্তার জন্য তিনি জনসাধারণের শ্রদ্ধা-আকর্ষণে সমর্থ হইয়াছিলেন। তিনি ধনী হইলেও বাগবাজার হইতে হাঁটিয়া দক্ষিণেশ্বরের বাগানবাটীতে আসিতেন। একজন বলিয়াছিলেন, "অত রাস্তা; কেন গাড়ি ক'রে আস না? বিপদ হ'তে পারে।" ইহাতে শম্ভুবাবু মুখ লাল করিয়া উত্তর দিয়াছিলেন, "কি? তাঁর নাম ক'রে বেরিয়েছি—আবার বিপদ?" এমনি ছিল তাঁহার বিশ্বাস। তাঁহার দান ছিল অজস্র—অর্থী কেহ বিফলমনোরথ হইয়া ফিরিত না। ব্রাহ্ম-সমাজের সহিত সম্পর্কবশতঃ ধর্মসম্বন্ধে তাঁহার মন বেশ উদার ছিল; তিনি বাইবেলাদি গ্রন্থ পড়িতেন। শ্রীযুক্ত কেশবচন্দ্রকে তিনি একবার সঙ্গে করিয়া শ্রীবামকৃষ্ণের নিকট লইয়া গিয়াছিলেন। ৺কালীমন্দিরের পার্শ্বে অবস্থানের ফলে ঠাকুরের সহিত তাঁহার পরিচয় সহজেই হইয়াছিল।

১ 'লীলাপ্রসঙ্গ' সাধকভাবে (৩৫৯ পৃঃ) শম্ভুচরণ এবং উহার গুরুভাব—পূর্বার্ধে (৫৬ পৃঃ) শম্ভুচন্দ্র নামের উল্লেখ আছে। উত্তরাধিকারীদের হস্তগত দলিলে শম্ভুনাথ নামও দেখা যায়।

পারিতেন না—দূর হইতে প্রণাম করিয়া চলিয়া যাইতেন। কাশীপুরের যে উদ্যানবাটীতে ঠাকুর লীলাসংবরণ করেন, উহাব দর্শনেও অনুরূপ ভাবান্তর হওয়ায় আর তিনি সে পথে চলিতেন না।. গিবিশ বাবু তাঁহাকে একখানি কম্বল দিয়াছিলেন, কিন্তু তিনি ভক্তের এই দানকে সাধারণভাবে ব্যবহাব কবিয়া অবহেলা প্রদর্শন করা অপেক্ষা স্বীয় মস্তকে ধারণ করাই অধিকতর বাঞ্ছনীয় মনে করিয়াছিলেন। শ্রীশ্রীমায়ের প্রদত্ত একখানি বস্ত্রও ঐরূপে তাঁহার শিরোভূষণ হইয়াছিল। একবার শ্রীশ্রীমায়ের জন্য বস্ত্র ও মিষ্টান্ন লইয়া যাইবাব কালে বাগবাজারে শূলবেদনা আবম্ভ হওয়ায় তিনি এক রোয়াকে পড়িয়া প্রায় দুই ঘণ্টা 'হায় হায়' করিয়াছিলেন, তথাপি মায়ের দ্রব্য মাকে না দিয়া স্বগৃহে প্রত্যাবর্তন কবেন নাই। সেই দিন গৃহে ফিরিতে বাত্রি নয়টা বাজিয়াছিল।

নাগ মহাশয় যেমন ছিলেন ভক্ত, তেমনি ছিলেন সেবাপবায়ণ। কলিকাতায় প্লেগেব সময় পাল বাবুবা বাটীর ভার তাঁহার উপর দিয়া দেশে চলিয়া গেলে নাগ মহাশয় একজন পাচক ব্রাহ্মণ, একজন ব্রাহ্মণ মুহুবী ও একটি চাকরের সহিত ঐ বাটীতে বাস করিতে লাগিলেন। ক্রমে ব্রাহ্মণ মুহুরীটিব প্লেগ হইলে নাগ মহাশয় তাঁহার যথাসাধ্য সেবা করিলেন; মৃত্যুর পূর্বে ব্রাহ্মণ গঙ্গাযাত্রার ইচ্ছা প্রকাশ করিলে লোকাভাববশতঃ একাই তাঁহাকে সেখানে লইয়া গেলেন এবং তাঁহার ৺গঙ্গাপ্রাপ্তির পর নিজেই সৎকাবেব ব্যবস্থা করিলেন। ইহাতে তাঁহার প্রায় পঁচিশ টাকা ব্যয় হইয়াছিল। ঐ সময়ে তাঁহার কার্যকলাপ দেখিয়া এক ভদ্রলোক বলিয়াছিলেন, "ইনি বদ্ধ পাগল।" পরবর্তী ঘটনাও তাঁহার এই বাতুলত্বেরই প্রমাণ দিবে।

পাল বাবুরা একবার তাঁহাকে ভোজেশ্বরে লইয়া যান এবং ফিরিবার সময় স্টীমারভাড়া ইত্যাদি বাবদ আট টাকা ও একখানি কম্বল দেন।

তবে ঐ দিনই মহাযাত্রা করিব।” শুভদিন স্থির করিয়া তিনি নিশ্চিন্ত হইলেন। মৃত্যুর দুই দিন পূর্বে রাত্রি দুইটাব সময় তিনি মুদিত চক্ষু খুলিয়া অকস্মাৎ শরৎ বাবুকে বলিলেন, “আপনি যে-সকল তীর্থ দেখিয়াছেন, একে একে নাম করুন, আমি দেখিতে থাকি।” শরৎবাবু একে একে হরিদ্বার, প্রয়াগ, সাগবসঙ্গম, কাশীধাম ও জগন্নাথক্ষেত্রেব নাম কবিলেন। নাগ মহাশয়ও ভাবস্থ হইয়া ঐসকল তীর্থের বর্ণনা করিতে লাগিলেন—যেন সত্যই প্রত্যক্ষ কবিতেছেন, আব সঙ্গে সঙ্গে বাহ্যজ্ঞান হারাইতে লাগিলেন। অতঃপব ১৩০৬ বঙ্গাব্দের ১৩ই পৌষ (২৭শে ডিসেম্বর, ১৮৯৯) বেলা নয়টার সময় নাভিশ্বাস আবম্ভ হইল—তাঁহাব চক্ষু ঈষৎ রক্তবর্ণ, ওষ্ঠাধব কম্পিত, যেন কি উচ্চারণ করিতেছেন। অর্ধঘণ্টা পরে দৃষ্টি নাসাগ্রবদ্ধ ও সর্বশরীব কণ্টকিত হইল এবং নয়নকোণে প্রেমধারা বহিতে লাগিল। ধীরে ধীরে দশটাব কয়েক মিনিট পরে প্রাণবায়ু নির্গত হইল—নাগ মহাশয় মহাসমাধিতে লীন হইলেন।

সর্বশ্রেষ্ঠ বস্তু এবং যাহার বিদ্যালাভ হইয়াছে, সেই প্রকৃত জ্ঞানী। কিন্তু আজ সেরূপ শিক্ষাহীন ঠাকুরের নিকট তিনি জানিলেন, ঈশ্বরকে জানাই জ্ঞান, আব সব অজ্ঞান। অমনি আবার প্রশ্ন হইল, তিনি সাকারে বিশ্বাসী কিংবা নিরাকারে? মাস্টার বলিলেন, তাঁহার নিরাকার ভাল লাগে। ঠাকুর জানাইলেন যে, নিরাকারে বিশ্বাস থাকা উত্তম বটে, তবে সাকারও সত্য। এই বিরুদ্ধ বিশ্বাসদ্বয় কিরূপে সত্য হইতে পারে, তাহার নির্ণয়ে অসমর্থ মাস্টার মহাশয়ের অভিমান তৃতীয়বার চূর্ণ হইল। কিন্তু ইহাতেও শেষ হইল না—তিনি আবার শুনিলেন যে, মন্দিবের দেবী মৃন্ময়ী নহেন, চিন্ময়ী। মাস্টার তখনি বলিয়া উঠিলেন যে, তাহাই যদি সত্য হয় তবে যাঁহাবা প্রতিমায় উপাসনা কবেন, তাঁহাদিগেব তো বুঝাইয়া দেওয়া উচিত যে, বস্তুতঃ মাটির প্রতিমা ঈশ্বব নহে, প্রতিমায় ঈশ্বরকে উদ্দেশ কবিয়া পূজা করা হয় মাত্র। অমনি শ্রীরামকৃষ্ণ বলিয়া উঠিলেন, "কলকাতাব লোকের ওই এক! কেবল লেক্‌চার দেওয়া, আর বুঝিয়ে দেওয়া! যদি বুঝাবাব দরকার হয়, তিনিই বুঝাবেন। তোমার মাথা-ব্যথা কেন? তোমাব নিজের যাতে জ্ঞানভক্তি হয়, তার চেষ্টা কর।" মাস্টারেব অভিমানের সৌধ একেবারে ভূমিসাৎ হইল। তিনি বুঝিলেন, ধর্ম অনুভূতির বস্তু—বুদ্ধি ততদূর অগ্রসর হইতে পারে না, বুদ্ধিরূপ দুর্বল যন্ত্র-সাহায্যে নির্গুণ নিবাকার ব্রহ্মতত্ত্ব আবিষ্কৃত হইতে পাবে না এবং তাদৃশ তত্ত্বলাভের জন্য তত্ত্বদর্শী সাধুদের সঙ্গ অত্যাবশ্যক—তদ্ব্যতীত অতি মার্জিত বুদ্ধিও আমাদিগকে ভগবৎসকাশে লইয়া যাইতে অসমর্থ হয়। ইহার পব তিনি সম্পূর্ণরূপে আপনাকে শ্রীরামকৃষ্ণচরণে ঢালিয়া দিয়া গৃহে ফিরিলেন।

আরও কিছুদিন বরাহনগরেই অবস্থানের সুযোগে মাস্টার মহাশয় উপর্যুপরি কয়েকবার দক্ষিণেশ্বরে গমনাগমন করিয়া অচিরে শ্রীরামকৃষ্ণের

শ্রীশ্রীজগদম্বার মহিমাপ্রচারের জন্য ঠাকুর যাঁহাদিগকে 'চাপরাশ-প্রাপ্ত' বলিয়া মনে করিতেন, মাস্টাব মহাশয় ছিলেন তাঁহাদেরই অন্যতম।

শ্রীরামকৃষ্ণের ত্যাগী সন্তানদের প্রতি মাস্টার মহাশয়ে প্রীতিব কিঞ্চিৎ পরিচয় পূর্বেই দেওয়া হইয়াছে। ইঁহাদের কাহারও কাহারও ছবি স্বগৃহে রাখিয়া তিনি সকাল-সন্ধ্যায় পূজা কবিতেন। স্বামী ব্রহ্মানন্দেব শেষ অসুখের সময় তিনি তাঁহাব শয্যাপার্শ্বে দীর্ঘকাল বসিয়া থাকিতেন এবং তাঁহাব দেহত্যাগের পবও নিজের বিছানায় পড়িয়া অশ্রুবিসর্জন করিয়াছিলেন।

১৮৯০ খ্রীষ্টাব্দে কালীকৃষ্ণ ( স্বামী বিবজানন্দ ) প্রভৃতি যুবকগণ যদিও বিপণ কলেজে তাঁহাবই নিকট পড়িতেন, তথাপি তাঁহার ধর্মভাবেব সহিত পরিচিত ছিলেন না। তাঁহাবা রাম বাবুর আকর্ষণে কাঁকুড়গাছিতে যাতায়াত করিতেন। ইঁহাদেব সকলেরই মধ্যে ত্যাগের ভাব ছিল, অথচ রাম বাবুর তদানীন্তন ধাবণা ছিল অন্যরূপ। তিনি বলিতেন, "বিলে (অর্থাৎ বিবেকানন্দ) তো ঠাকুবকে মানতই না, তর্ক কবত," "ঠাকুরকেই যদি ভগবান বলে বিশ্বাস হল, তবে তাঁব কথাই তো শাস্ত্র, অপব শাস্ত্রেব দরকার কি? ঠাকুরকে বকলমা দিলেই হল; আর কোন সাধন-ভজনের দরকার নেই। সংসারেব মধ্যে থেকেই ঠাকুরকে ডাকলে তিনি কৃপা করবেন" ইত্যাদি। অতএব কাঁকুড়গাছিতে তাঁহাবা ববাহনগর মঠ কিংবা মঠবাসী সাধুদের কোন সংবাদই পান নাই। এদিকে তাঁহাদেব উৎসুক নয়ন শীঘ্রই আবিষ্কার কবিল যে, তাঁহাদেব গম্ভীরপ্রকৃতি ও বেশভূষায় পারিপাট্যহীন মাস্টার মহাশয় কলেজেব অবসবকালে বৃথা সময় নষ্ট না করিয়া বাড়ির ছাদে উঠিয়া নিজের নোটবুকখানি ( অর্থাৎ 'কথামৃত' ) নিবিষ্টমনে পড়েন। তাঁহাব অন্যান্য চাল-চলনও একটু অসাধারণ। অতএব তাঁহারা তাঁহার সহিত ঘনিষ্ঠভাবে মিশিয়া তাঁহার প্রকৃত পরিচয়

# অধরলাল সেন

১৮৫৫ খ্রীষ্টাব্দের ২রা মার্চ দোলপূর্ণিমার দিনে সুবর্ণবণিককুলোদ্ভব শ্রীযুক্ত অধরলাল সেন কলিকাতাব আহিরীটোলা অঞ্চলে ২৯ নং শঙ্কব হালদার লেনে পিতৃগৃহে ভূমিষ্ঠ হন। তাঁহাব পূর্বপুরুষেরা হুগলী জেলার সিঙ্গুব গ্রামে বাস কবিতেন, পবে পৈত্রিক গৃহ পবিত্যাগপূর্বক কলিকাতায় আসেন। অধবেব পিতা বামগোপাল আরমানী ষ্ট্রীটে সুতাব কারবারে প্রচুব অর্থোপার্জন করিলেও দেবদ্বিজে ভক্তিপবায়ণ নিষ্ঠাবান হিন্দু ছিলেন। তাঁহার ছয় পুত্র ছিলেন, অধবলাল তাঁহাদেব মধ্যে পঞ্চম। জ্যেষ্ঠ পুত্র বলাইচাদ শিক্ষা, সাহিত্যানুবাগ ও বদান্যতার জন্য সুনাম অর্জন কবিয়াছিলেন। অধরলালেব দুইজন ভগিনীও ছিলেন। তাঁহাব পিতা রামগোপাল পবে ৯৭ নং বেনিয়াটোলা ষ্ট্রীটে নূতন বাসভবন-নির্মাণান্তে সপরিবাবে তথায় বাস কবিতে থাকেন। শ্রীশ্রীদুর্গাপূজা ও কীর্তনাদিতে যোগ দিবার জন্য শ্রীরামকৃষ্ণদেব বহুবার এই গৃহে পদার্পণ করিয়াছিলেন। 'কথামৃত'-কার তাই লিখিয়াছেন, "তাঁহাদেব বাটীর বৈঠকখানা ও ঠাকুর-দালান তীর্থ হইয়া আছে" ( ২।৩।৬ ); "আজ, অধরের বৈঠকখানার ঘর শ্রীবাসের আঙ্গিনা হইয়াছে" ( ৪।১৭।১ ); আর অধবের সম্বন্ধে তিনি লিখিয়াছেন, "অধর ঠাকুরেব পবমভক্ত। ঠাকুর বলেছিলেন, 'তুমি আমার পরম আত্মীয়' " ( ২।৩।৬ )।

১৮৬৭ খ্রীষ্টাব্দে দ্বাদশ বৎসর বয়সে কৃতিত্বের সহিত মধ্য ইংরেজী বিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া অধরলাল পরিণয়সূত্রে আবদ্ধ হন। অতঃপর ১৮৭২ খ্রীষ্টাব্দে প্রবেশিকা-পরীক্ষায় অষ্টম স্থান অধিকারপূর্বক সরকাবী বৃত্তি প্রাপ্ত হন। দুই বৎসর পরে প্রেসিডেন্সি কলেজ হইতে

"শ্রীকৃষ্ণ কি আবার এলেন ?" পিতামহী বলিলেন, "না।" আবার প্রশ্ন হইল, "আর এলেন না ?" "না !" তৃতীয়বারও অনুরূপ প্রশ্ন করিয়া এবং উত্তব পাইয়া কাতরহৃদয়ে বালক অন্যত্র চলিয়া গেলেন। সে দারুণ বিরহ-ব্যথা দূব হইতে তিনদিন লাগিয়াছিল। কোমল-হৃদয় বালক সেই তিনদিন আর গল্প শুনিতে আসে নাই।

গিবিশ ছিলেন বাইমণিব অষ্টম গর্ভের সন্তান; তাই পাছে মায়ের দৃষ্টিতে পডিয়া সন্তানেব অমঙ্গল হয়, এই ভয়ে জননী গিরিশকে কোনরূপ আদর কবিতেন না। তবে জননীর স্নেহে তিনি যতটুকু বঞ্চিত ছিলেন, পিতাব আদর ততটুকু অধিক পাইতেন। অতঃপব একটি ঘটনায় গিরিশ বুঝিতে পারিলেন যে, তাঁহাবই মঙ্গলকামনায় জননী এই অপূর্ব ত্যাগ স্বীকার কবিয়াছেন। একদিন গাল ও গলা ফুলিয়া বালক গিরিশ জ্বরে অজ্ঞানপ্রায় হইয়া পডিয়া আছেন, সেই সময় রাইমণি নীলকমলবাবুকে ব্যাকুলভাবে বলিলেন, "তুমি যেমন করে পাব বাঁচাও।" অকস্মাৎ স্নেহের আতিশয্য দেখিয়া নীলকমল কাবণ জিজ্ঞাসা কবিলে রাইমণি বলিলেন, "আমি বাক্ষসী এক সন্তান খেয়েছি। পাছে আমার দৃষ্টিতে কোন অমঙ্গল হয়, তাই আমি একে কাছে আসতে দিতুম না। ·· আমার হেলায় কত কষ্ট পেয়েছে—আমার বুক ফেটে যাচ্ছে।" ইতঃপূর্বে বাইশ বৎসর বয়সে গিরিশের জ্যেষ্ঠ ভ্রাতার মৃত্যু হইয়াছিল। জননীর পূর্ণ স্নেহে বঞ্চিত থাকার আর একটি কাবণও ছিল। পুত্রপ্রসবের পর বাইমণি সূতিকারোগে শয্যাশায়িনী হন এবং মাতৃস্তনে বঞ্চিত গিরিশ এক বাগ্‌দী মেয়ের স্তন্যপানে বাধ্য হন। জননী অতঃপর দীর্ঘদিন ধরাধামে ছিলেন না—গিরিশের দশ বৎসর বয়সে তিনি ইহলোক ত্যাগ করেন।

গিরিশের বাল্য-জীবনের শিক্ষা-দীক্ষা সাধারণ গতিতেই অগ্রসর হইতেছিল। বিশেষ এই যে, পিতার আদরের দুলাল গিরিশ বয়োবৃদ্ধির

রাত্রি জগদম্বাকে ডাকিতেন। শোনা যায়, সকাম সাধকের প্রার্থনা মা অন্ততঃ আংশিক পূর্ণ করিয়াছিলেন—গিরিশ তখন ঔষধপ্রয়োগ ব্যতিরেকে শুধু ইচ্ছাশক্তিবলে বোগ আরোগ্য কবিতে পারিতেন। তাঁহার মনে তখন আকুলতাও জাগিয়াছে; তাই তাঁহার মুখে তখন বব উঠিত, "মা, মা," আব ৺তাবকনাথেব নিকট তিনি প্রার্থনা জানাইতেন, "আমাব সংশয় ছেদন কব। যদি গুরূপদেশ ব্যতীত সংশয়ছেদন না হয়, তুমি আমার গুরু হও।"

সাহিত্যক্ষেত্রে গিবিশবাবু তখন পৌবাণিক নাটক-বচনায় লিপ্ত। একখানিব পব একখানি নাটকে সাফল্যলাভেব পব ১৮৮৪ খ্রীষ্টাব্দের আগস্ট মাসেব এক শুভমুহূর্তে বঙ্গবঙ্গমঞ্চে তাঁহাব 'চৈতন্যলীলা' অভিনীত হইয়া বিকৃতরুচি নবীন বঙ্গকে পুবাতনেব অবিস্মরণীয় আস্বাদ প্রদানপূর্বক তাহাকে প্রকৃতিস্থ কবিল। গিবিশও কি তখন ভক্তিতে পরিপ্লুত? তাঁহাব অবস্থা দেখিয়া তো ঐরূপ মনে হয় না। 'চৈতন্যলীলা'র বসাস্বাদে বিমুগ্ধ জনৈক বৈষ্ণব বাবাজী স্বীয় প্রীতি ও ধন্যবাদজ্ঞাপনের জন্য গিরিশগৃহে উপস্থিত হইয়া দেখিলেন, কবিবব সুরার বোতল লইয়া বসিয়া আছেন। নিজ চক্ষুকে বিশ্বাস কবিতে না পাবিয়া বাবাজী জিজ্ঞাসা করিলেন, "আপনি কি ঔষধ সেবন করছেন?" নিন্দা ও স্তুতিতে ভ্রূক্ষেপহীন কবি জানাইলেন যে, বোতলে ঔষধ নহে, মদ্য আছে। গৌরলীলার সহিত এইরূপ আচারেব অসামঞ্জস্য দেখিয়া বাবাজী তৎক্ষণাৎ বিদায় লইলেন।

বাবাজী গেলেন, কিন্তু এই 'চৈতন্যলীলা'ই অযাচিতভাবে গিবিশের নিকট শ্রীরামকৃষ্ণকে আনিয়া দিল। 'চৈতন্যলীলা'-অভিনয়ে সুখ্যাতি-শ্রবণে ঠাকুর একদিন (২১শে সেপ্টেম্বর, ১৮৮৪) ভক্তগণসহ থিয়েটারে উপস্থিত হইলেন। সংবাদ পাইয়া গিরিশবাবু অভ্যর্থনার জন্য অগ্রসর

হইলে ঠাকুরই তাঁহাকে প্রথমে প্রণাম করিলেন। গিবিশ প্রতিনমস্কাব করিলে ঠাকুর আবার নমস্কাব করিলেন। এইভাবে কয়েকবার চলিলে গিরিশ দেখিলেন, ঠাকুবেব ভাগে সর্বদা একটি নমস্কাব অধিক থাকিয়া যাইতেছে। গিরিশবাবু পবে বলিয়াছিলেন, "রাম অবতারে ধনুর্বাণ নিয়ে জগৎ-জয় হয়েছিল, কৃষ্ণ অবতাবে জয় হয়েছিল বংশীধ্বনিতে, আব রামকৃষ্ণ অবতারে জয় হবে প্রণাম-অস্ত্রে।" তিনি প্রণামাস্ত্রে পবাজিত হইয়া মনে মনে শেষ নমস্কাব জানাইলেন এবং ঠাকুবকে লইয়া গিয়া উপরে বসাইলেন। তারপব একজন পাখাওয়ালা নিযুক্ত কবিয়া তিনি অসুস্থতাবশতঃ বাডি চলিয়া গেলেন। ইহা কিন্তু প্রথম দর্শন নহে, তৃতীয় দর্শন।

প্রথম দর্শন হইয়াছিল বসুপাডায় দীননাথ বসুব বাডিতে ( সম্ভবতঃ ১৮৭৭ খ্রীঃ )। গিরিশবাবু 'ইণ্ডিয়ান মিবব' পত্রে দক্ষিণেশ্ববেব পবমহংস-দেবের কথা পডিয়াছিলেন। সেই সময়ে আর্ত ও জিজ্ঞাসু গিবিশ বিসূচিকা হইতে অলৌকিকভাবে জীবনলাভেব পব ধর্মে মন দিযাছেন, কিন্তু উচ্চাঙ্গের বিশ্বাস তখনও মনে স্থান পায় নাই। '‘মিবব'-পাঠান্তে তাঁহার মনে হইল, "ব্রাহ্মবা কি আবার এক পবমহংস খাডা কবিয়াছে!" যাহা হউক, পাডায় তিনি আসিয়াছেন জানিয়া কৌতুহলবশে সেখানে গিয়া দেখিলেন, পরমহংস মহাশয় উপদেশ দিতেছেন এবং কেশববাবু প্রভৃতি সানন্দে শুনিতেছেন। সন্ধ্যাসমাগমে একজন সেজ জ্বালিয়া আনিয়া পরমহংসদেবের সম্মুখে রাখিলে তিনি জিজ্ঞাসা করিলেন, "সন্ধ্যা হয়েছে?" শুনিয়া গিরিশ ভাবিলেন, "ঢং দেখ, সন্ধ্যা হয়েছে! সম্মুখে সেজ জ্বলছে, তবু ইনি বুঝতে পারছেন না যে সন্ধ্যা হয়েছে কি না।" সুতরাং আর সেখানে থাকা নিষ্প্রয়োজন জানিয়া তিনি বাড়ি ফিরিলেন।

ইহার কয়েক বৎসর পরে বলরাম-মন্দিরে দ্বিতীয় দর্শন। ঠাকুরের

গিরিশবাবু অশ্রুবিসর্জন করিলেন। ইহাব কয়েকদিন পরে তিনি পাড়ার চৌরাস্তায় একটি রকে বসিয়া আছেন। এমন সময় ভক্তসমভিব্যাহারে ঠাকুর সেই পথে বলরাম-মন্দিরে যাইবারকালে গিবিশেব সহিত চক্ষুর মিলন হইতেই তাঁহাকে নমস্কাব কবিলেন; কিন্তু গিরিশ প্রতিনমস্কার করিলে আব পুনর্নমস্কাব না কবিয়াই, তিনি নিজপথে চলিতে থাকিলে গিরিশের মনে হইল, কে যেন অদৃশ্য সূত্রে তাঁহাব হৃদয় টানিয়া লইতেছে। একটু পরেই জনৈক ভক্ত আসিয়া তাঁহাকে বলিলেন, "পবমহংসদেব ডাকিতেছেন।" তদনুসাবে তিনি বলবাম-মন্দিবে গেলে কিয়ৎক্ষণ পবেই ঠাকুর হঠাৎ উঠিয়া বলিলেন, "বাবু, আমি ভাল আছি; বাবু, আমি ভাল আছি"—বলিতে বলিতে কেমন যেন অবস্থা হইয়া গেল। পবে কহিতে লাগিলেন, "না না, ঢং নয়—ঢং নয়।" এ কি গিরিশেব সন্দেহেব উত্তর? একটু পবে গিবিশেব সহিত এইরূপ আলাপ হইল—(গিরিশ) 'গুরু কি?" "গুরু কি জান?—যেমন ঘটক। তোমার গুরু হয়ে গেছে।" (গিরিশ) "মন্ত্র কি?" "ঈশ্ববেব নাম।" আবও কথাবার্তাব পব প্রত্যাবর্তনকালে গিবিশ অনুভব কবিলেন, যেন তাঁহাব দম্ভেব বাঁধ ভাঙ্গিয়া পডিতেছে—অবশেষে একদিন এই দেবমানবেব নিকট তাঁহাকে মস্তক নামাইতেই হইবে।

পঞ্চম দর্শনকালেও সেই ভগ্ন দম্ভেব কাঠামো দাঁড়াইয়া আছে। ভক্তপ্রবর দেবেন্দ্রনাথ মজুমদার থিয়েটারেব সাজঘবে প্রবেশপূর্বক যখন জানাইলেন যে, ঠাকুর অভিনয় দেখিতে আসিয়াছেন, তখন স্বস্থানে অবিচলিত থাকিয়াই গিরিশ কহিলেন, "ভাল বক্সে লইয়া গিয়া বসান।" দেবেন বাবু যখন বলিলেন, "আপনি অভ্যর্থনা করে নিয়ে আসবেন না?" তখন বিরক্তির সহিত উত্তর দিলেন, "আমি না গেলে তিনি আর গাড়ি থেকে নামতে পারবেন না?" কিন্তু গেলেন ঠিকই। সেদিন সম্মুখে

উপস্থিত হইয়া ঠাকুবেব সৌম্য মুখপদ্মদর্শনে গিবিশেব পাষাণ হৃদয়ও গলিয়া গেল—তিনি চরণস্পর্শ করিয়া প্রণাম করিলেন। অভিনয়ের অবকাশকালে পবমহংসদেব দ্বিতলের একটি প্রকোষ্ঠে গিয়া বসিলেন, দেবেন বাবু প্রভৃতি ভক্তেবা গিরিশেব অনুরোধসত্বেও না বসিয়া দাঁড়াইয়াই বহিলেন—সাহিত্যিক গিবিশ তখনও জানেন না, বাস্তব জগতে গুরুকে শিষ্য কিরূপ শ্রদ্ধাব চক্ষে দেখেন। যাহা হউক, গিরিশের সহিত আলাপ চলিতে লাগিল। গিরিশ অনুভব কবিতে লাগিলেন, তাঁহাব মধ্যে যেন কি একটা নবধাবা প্রবাহিত হইতেছে' ইতোমধ্যে ঠাকুব ভাবাবস্থায একটি বালকেব সহিত ক্রীড়া কবিতে থাকিলে গিবিশেব মনে প্রবল বিজাতীয় ভাবেব উদয় হইল। অমনি ঠাকুর বলিলেন, "তোমাব মনে বাঁক ( আড় ) আছে।" ইনি মনেব ভাব বুঝিতে পাবেন দেখিয়া অবাক্ হইয়া গিবিশ জিজ্ঞাসা কবিলেন, "বাঁক যায় কিসে ?" উত্তব হইল, "বিশ্বাস কব।"

ষষ্ঠ দর্শন হইল মধু বায়েব গলিতে শ্রীরামচন্দ্র দত্তেব বাড়িতে। সেদিন গিবিশবাবু হঠাৎ একটু চিবকুট পাইলেন—সেখানে পবমহংসদেব আসিতেছেন। অপবিচিত গৃহে যাইবেন কিনা এই বিচাববুদ্ধি আসিয়া তাঁহাকে বাধা দিলেও এক অদৃশ্য টানে তিনি সেখানে যাইয়া দেখিলেন সন্ধ্যাসমাগমে বাম বাবুব প্রাঙ্গণে নৃত্যপবায়ণ ঠাকুরকে ঘিবিয়া ভক্তেবা নাচিতেছেন ও গাহিতেছেন, "নদে টলমল করে গৌরপ্রেমের হিল্লোলে।" নৃত্য করিতে করিতে পবমহংসদেব সমাধিস্থ হইলে ভক্তেরা পদধূলি গ্রহণ করিতে লাগিলেন। শ্রীযুত গিবিশেব দম্ভ ও ভক্তির মধ্যে দ্বন্দ্ব চলিল—তিনিও ঐরূপ করিবেন কি-না। অমনি সমাধি হইতে ব্যুত্থিত ঠাকুর তাঁহারই ঠিক সম্মুখে আসিয়া পুনঃ সমাধিস্থ হইলে তিনি সাগ্রহে পদধূলি লইলেন। সঙ্কীর্তনান্তে বৈঠকখানায় বসিয়া গিরিশবাবু আবার জিজ্ঞাসা

একদিন ঠাকুর অভিনয় দেখিতে গেলে অপ্রকৃতিস্থ গিবিশ বাবু ধরিয়া বসিলেন, "তুমি আমার ছেলে হবে—বল।" ঠাকুর জানাইলেন যে, তাঁহাব বাবা ছিলেন শুদ্ধসত্ত্ব ব্রাহ্মণ, তিনি কেন গিরিশের ছেলে হইতে যাইবেন ? গিরিশ বাবু ক্রুদ্ধ হইয়া ঠাকুবকে অনেক গালাগালি কবিলেন। ইহাতে উপস্থিত ভক্তেবা খুবই ক্ষুণ্ণ হইলেন এবং ঠাকুরকে পবামর্শ দিলেন, তিনি যেন এইরূপ পাষণ্ডেব নিকট আব না যান। ঠাকুর চুপ করিয়া শুধু সব শুনিয়া যাইতে লাগিলেন। পরদিন দক্ষিণেশ্বরেও ঐ প্রসঙ্গ হইতেছে, এমন সমযে ভক্তবীব বামচন্দ্র উপস্থিত হইলে ঠাকুব বলিলেন, "বাম, তুমি কি বল ? রামবাবু উত্তব দিলেন, "দেখুন, কালীয় সাপ যেমন শ্রীকৃষ্ণকে বলেছিল, 'প্রভু আমায় বিষ দিয়েছেন, আমি অমৃত পাব কোথায় ?'—গিবিশ বাবুবও সেই দশা, তিনি অমৃত পাবেন কোথায় ?" বামবাবুব কথা শুনিয়াই ঠাকুব বলিলেন, "তবে চল, বাম, তোমাব গাড়িতেই একবাব সেখানে যাই।" ওদিকে প্রকৃতিস্থ হইয়া গিবিশ নিজ অপবাধ-স্মরণান্তে আহাবাদি ত্যাগ করিয়াছেন ; ঠাকুবকে দেখিয়াই পাদপদ্মে লুটাইয়া পডিলেন, আর কাতবস্ববে বলিতে লাগিলেন, "আজ যদি তুমি না আসতে ঠাকুব, তাহলে বুঝতুম, তুমি এখনো নিন্দাস্তুতিকে সমান জ্ঞান করতে পাবনি—তোমাব পরমহংস নামে অধিকার আসেনি। আজ বুঝেছি তুমি সেই, তুমি সেই। আর আমায় ফাঁকি দিতে পারবে না। এবার আমি আব তোমায় ছাডছি না। বল, তুমি আমার ভাব নেবে, আমায় উদ্ধাব করবে ?"

কয়েকবার যাতায়াতের পব গিবিশবাবু ঠাকুবকে সর্বতোভাবে আত্মসমর্পণ করিয়া বলিলেন, "এখন থেকে আমি কি করব ?" ঠাকুর উত্তর দিলেন, "যা করছ, তাই করে যাও। এখন এদিক ওদিক দুদিক রেখে চল ; তারপর যখন একদিক ভাঙ্গবে তখন যা হয় হবে।

ঠাকুর অপর সকলের দিকে মুখ ফিবাইয়া তাঁহাকে দেখাইয়া বলিলেন, "পাচসিকে পাঁচআনা।"

গিরিশবাবু জানিতেন যে, এমন পাপ নাই যাহা এই জ্বলন্ত দেবচরিত্রের সংস্পর্শে অচিবে ভস্মে পবিণত না হয়। তাই সাহঙ্কারে বলিতেন, "তুমি আসবে আগে জানলে আবো বেশী কবে অপচাব কবে নিতুম।" আব কহিতেন, "ঠাকুবেব কাছে আব সকল শুদ্ধসত্ত্ব ছেলেবা এসেছিল, আব এমন পাপ নেই যা আমি করিনি। তবু তিনি আমায় গ্রহণ কবেছিলেন। ...তিনি কিছু নিষেধ কবেননি—সব আপনি ছুটে গেল।" এই সবই সত্য, কিন্তু শুধু পাপ-বিমোচনেব দিক হইতে শ্রীযুত গিবিশকে দেখিলে অন্যায় হইবে—শ্রীবামকৃষ্ণও তাঁহাকে সেই দৃষ্টিতে দেখেন নাই। তিনি দেখিয়াছিলেন, তাঁহাব 'ভৈবব' এক হস্তে সুধাপাত্র, অপব হস্তে সুবাভাণ্ড লইয়া মায়েব মন্দিবে উপস্থিত। গিবিশ 'চৈতন্যলীলা'দির ভিতব দিয়া যে সুধা বিতবণপূর্বক বঙ্গবাসীকে তৃপ্ত কবিতেছিলেন ঠাকুবেব সান্নিধ্যলাভেব পবে সে সুধা আবও অকাতবে বিতরিত হইতে লাগিল এবং উহাব আস্বাদও অধিক রুচিপ্রদ হইল। 'চৈতন্যলীলা'দিতে যে অঙ্কুব উদ্‌গত হইয়াছিল, শ্রীবামকৃষ্ণেব প্রেমবাবি-সিঞ্চনে তাহা ফলপুষ্পসমন্বিত মহামহীরুহে পবিণত হইল। অতঃপব 'বিল্বমঙ্গল', 'পাণ্ডব-গৌবব', 'নসীবাম' ইত্যাদি নাটকের প্রতিচরিত্র ও প্রতিপঙ্‌ক্তি শ্রীবামকৃষ্ণের নবভাবধারাব সাক্ষ্য দিতে লাগিল। ঠাকুর গিরিশকে বলিয়াছিলেন, "তুমি যা কবছ তাই কবো, ওতেও লোকশিক্ষা হবে।" আর একদিন তিনি জগন্মাতাব নিকট প্রার্থনা জানাইয়াছিলেন, তিনি যেন গিরিশ প্রভৃতি কয়জনকে লোকশিক্ষার জন্য শক্তি দেন; কারণ একা ঠাকুরের পক্ষে অত কাজ করা অসম্ভব। জগন্মাতা সে প্রার্থনা শুনিয়াছিলেন।

যুবকগণ হিসাব দেখাইতে অগ্রসর হইলেন। অমনি শূবভক্ত সে হিসাব ছিন্ন-বিচ্ছিন্ন করিয়া গর্জিয়া উঠিলেন, "কারো কাছে যেতে হবে না; আমি বাড়িব এক-একখানি ইট বিক্রী করে সব খবচ যোগাব।" কার্যতঃ অবশ্য ততদূর কবিতে হইল না; কারণ ভক্তেরা অচিরে নিজেদেব ভুল বুঝিতে পারিলেন।

১৮৯১ খ্রীঃ গিরিশেব দ্বিতীয় পক্ষের অতি আবদারের পুত্রটি কালগ্রাসে পতিত হইল। গিবিশবাবু শ্রীরামকৃষ্ণকে প্রাণ ভরিয়া সেবা করিবাব জন্য পুত্ররূপে পাইতে চাহিয়াছিলেন। এই পুত্রেব আচরণাদি-দর্শনে তাঁহাব বিশ্বাস জন্মিয়াছিল যে, ঠাকুবই তাঁহাব ঘরে আসিয়াছেন, অতএব ঐ দৃষ্টিতেই পুত্রেব সেবাদি চলিতেছিল। সে কুসুমকলি অকালে বৃন্তচ্যুত হইলে তিনি দুঃসহ শোকে ম্রিয়মাণ হইলেন। অথচ ঠাকুরকে বকলমা দেওয়াতে শোকপ্রকাশেবও অবকাশ ছিল না—তিনি শুধু অন্তবেই জ্বলিয়া মবিতেছিলেন। এই শোকের কিঞ্চিৎ উপশমেব জন্য তিনি এক অদ্ভুত উপায় আবিষ্কাব করিলেন। প্রবীণ কবি নবীন ছাত্রদের ন্যায় শ্লেট-পেন্সিল লইয়া গণিতশাস্ত্রেব চর্চায় মনোনিবেশ কবিলেন। হোমিওপ্যাথিক চিকিৎসাও পুনর্বাব আবম্ভ কবিলেন এবং অভিনয়াদি নিত্যকর্ম হইতে অবসর লইয়া ভগবদালাপনে কাল কাটাইতে লাগিলেন। কিন্তু বাহিরে প্রকাশ না পাইলেও এই শোক অতি গভীর এবং উহা অন্তঃসলিলা ফল্গুর ন্যায় প্রবাহিত থাকিয়া তাঁহার জীবনে অবসাদ আনিয়া দিতেছে, ইহা কাহারও বুঝিতে বাকী ছিল না। তাই একদিন স্বামী নিরঞ্জনানন্দ বলিলেন, "ঠাকুর তো তোমায় সন্ন্যাসী করেছেন, চল দুজনে কোথাও চলে যাই।" গিরিশ একটু ভাবিয়া বলিলেন, "তোমরা যা বলবে, ঠাকুরের কথা-জ্ঞানে আমি এখনই করতে প্রস্তুত; কিন্তু ভাই, নিজে ইচ্ছা করে সন্ন্যাসী হবারও যে আমার সামর্থ্য নাই—ঠাকুরকে আমি যে বকলমা

এই যে, সে ইচ্ছা করিয়া তাহার মাতাকে জডাইয়া ধবিলে তবে সে তাহাকে স্থানান্তবে লইয়া যাইবে। কিন্তু বিডাল-ছানাব স্বভাব সেরূপ নহে, তাহাব মা যে স্থানে রাখিয়া দেয়, সেই স্থানে পডিয়াই 'ম্যাও ম্যাও' কবিতে থাকে। বাঁদব-ছানার স্বভাব জ্ঞানপ্রধান ও বিডাল-ছানাব স্বভাব ভক্তি-প্রধান।" সুবেন্দ্রেব মনে হইল, এ যেন তাঁহাকেই উপদেশ দেওয়া হইতেছে। নিজ বুদ্ধি-বিবেচনায় অতিমাত্র নির্ভব কবিয়াও তিনি জীবনসমস্যাব কোন সমাধান খুঁজিয়া পান নাই; এমন কি, স্বীয় অপারগতায় হতাশ হইয়া অবশেষে আত্মহত্যাব আযোজন কবিতেছিলেন। অথচ ইনি সমস্ত ভাব লইবাব ইঙ্গিতেব সহিত তাঁহাকে এক শান্তিময় নূতন পথেব সন্ধান দিলেন। সুবেন্দ্র অকূলে কূল পাইলেন, সুবেন্দ্র মজিলেন। অতঃপব তিনি প্রতি ববিবার দক্ষিণেশ্বরে না যাইযা স্থির থাকিতে পাবিতেন না। আব প্রকাশ্যে বলিতেন, "তাঁহাব কান মলিয়া দিব বলিয়া গর্ব কবিযাছিলাম, কিন্তু ফিবিবাব পথে তাঁহার নিকট কানমলা খাইয়া আসিলাম। তিনি কি যেমন তেমন গুরু।" প্রথম দিনে ফিবিবার কালে পবাজিত সুরেন্দ্র পবমহংসদেবকে সশ্রদ্ধ প্রণাম করিয়া পদধূলি লইলেন। ঠাকুরও তাঁহাকে সাদবে পুনর্বাব আসিতে বলিয়া দিলেন।

সুরেন্দ্রবাবু বিপরীত পথে চলিয়া যখন নিজের প্রায় সর্বনাশ কবিতে বসিয়াছেন, এমন সময়ে শ্রীবামকৃষ্ণের কৃপায় যথার্থ পথ দেখিতে পাইলেন। এখন তিনি নিত্য ঠাকুব-ঘবে বসিয়া ধ্যানাদি অভ্যাস করেন। একদিন তাঁহার মনে শ্রীবামকৃষ্ণের ভগবত্তা সম্বন্ধে পবীক্ষা করিবার বাসনা জাগিল; তিনি স্থির করিলেন, পূজাগৃহে ধ্যানকালে যদি ঠাকুরের আবির্ভাব হয়, তবেই তিনি জানিবেন যে, ঠাকুর অবতাব। কি আশ্চর্য!—

মধুর নৃত্যলহবীতে সকলকে মুগ্ধ করিতে লাগিলেন। অবশেষে উহা গলায় পরিলেন এবং নৃত্যশেষে সুরেন্দ্রকে বলিলেন, "আমায় কিছু খাওয়াবে না?" —বলিয়া তখনই সুবেন্দ্রেব আহ্বানে অন্তঃপুবে চলিয়া গেলেন। সুরেন্দ্রের সমস্ত হৃদয় পূর্ণ কবিয়া তখন এক অনির্বচনীয় পরিতৃপ্তি বিবাজিত!

শ্রীযুত সুরেন্দ্রেব চবিত্র ও তাঁহাব আধ্যাত্মিক প্রয়োজনসম্বন্ধে ঠাকুব অবহিত ছিলেন বলিয়াই একদিকে যেমন তাঁহাকে শাসন করিতেন, অন্যদিকে তেমনি সাহস দিয়া ক্রমে উচ্চাদর্শেব প্রতি লইয়া যাইতেন—অকস্মাৎ অসম্ভব কর্তব্য সম্মুখে স্থাপনপূর্বক তাঁহাব জীবন হতাশাচ্ছন্ন করিতেন না। সেদিন ১৮৮৫ খ্রীষ্টাব্দেব ২২শে ফেব্রুয়াবি। দক্ষিণেশ্ববে স্বকক্ষে উপবিষ্ট ঠাকুব সস্নেহে সুবেন্দ্রেব প্রতি দৃষ্টিপাত কবিয়া বলিতেছেন, "মাঝে মাঝে এসো। ন্যাংটা বলত, ঘটি বোজ মাজতে হয়, তা না হলে কলঙ্ক পডবে।…সন্ন্যাসীব পক্ষে কামিনী-কাঞ্চনত্যাগ।…তোমরা মাঝে মাঝে নির্জনে যাবে, আব তাঁকে ব্যাকুল হয়ে ডাকবে। তোমবা মনে ত্যাগ কববে। বীবভক্ত না হলে দু'দিক বাখতে পারে না।··তুমি অফিসে মিথ্যা কথা কও, তবে তোমাব জিনিস খাই কেন? তোমার যে দান-ধ্যান আছে! তোমাব যা আয়, তাব চেয়ে বেশী দান কব—বার হাত কাঁকুডেব তের হাত বিচি।" ('কথামৃত', ৫।১৬।৩)। আর একদিন (২৪শে ডিসেম্বব, ১৮৮৩) সুরেন্দ্রবাবু প্রশ্ন করিলেন, "আজ্ঞা, ধ্যান হয় না কেন?" ঠাকুব যদিও বুঝিলেন যে, ক্ষমতানুসারে সরলভাবে সাধন করাই উন্নতির বহস্য—ইহা না জানিয়া সুরেন্দ্রনাথ অপরেব অনুকবণে স্বীয় অধিকার অতিক্রমপূর্বক অকস্মাৎ উচ্চস্তরে আরোহণের বৃথা প্রচেষ্টায় শক্তিক্ষয় করিতেছেন, তথাপি সেই রূঢ় সত্যসহায়ে ভক্তের দৃষ্টি তদীয় প্রকৃত অবস্থার প্রতি আকর্ষণ করিয়া তাঁহাকে বৃথা পীড়া দেওয়া অনুচিত, বরং পূর্বলব্ধ সাফল্যের দিকে তাঁহার

দৃষ্টি নিবদ্ধ রাখিয়া তাঁহাকে সাহস দেওয়াই কর্তব্য, এই বিবেচনায় কহিলেন, "স্মরণ-মনন তো আছে ?" সুবেন্দ্রবাবু উত্তর দিলেন, "আজ্ঞা, 'মা মা' বলে ঘুমিয়ে পড়ি।" অমনি উৎসাহ দিয়া ঠাকুর বলিলেন, "খুব ভাল—স্মবণ-মনন থাকলেই হল।"

সুরেন্দ্রনাথেব দান ও ঈশ্বরপ্রণিধানে মুগ্ধ ঠাকুব অনেক সময় স্বেচ্ছায় তাঁহার গৃহে উপস্থিত হইতেন। এইভাবেই ( ২৭শে অক্টোবব, ১৮৮২ ) কেশবচন্দ্রের সহিত ষ্টীমারে বিহারের পব সন্ধ্যাসমাগমে গাড়ি কবিয়া দক্ষিণেশ্বরে যাইবার পথে তিনি ভক্তগণসহ সিমুলিয়া স্ট্রীটে সুবেন্দ্রভবনে পদার্পণ করিলেন। সুরেন্দ্র তখন গৃহে ছিলেন না। সুতবাং গাড়ি-ভাড়া মিটাইবার সময় ভক্তেবা যখন জানাইলেন যে, হাতে টাকা নাই, তখন সুরেন্দ্রেব প্রতি অনুপম আস্থা ও আত্মীয়তা-প্রদর্শনচ্ছলেই যেন ঠাকুর নিঃসঙ্কোচে নির্দেশ দিলেন, পবিবাবেব মহিলাদের নিকট হইতে ভাডার টাকা চাহিয়া লওয়া হউক এবং বলিলেন যে, অন্তঃপুরচাবিণীদেবও উহা দেওয়া উচিত; কাবণ তাঁহাদেব তো জানাই আছে যে, সুবেন্দ্র দক্ষিণেশ্বরে যান। বলা বাহুল্য, ভাডাব ব্যবস্থা সেদিন ঐভাবেই হইল; অধিকন্তু গৃহবাসীরা ঠাকুব ও ভক্তদিগকে সাদবে উপবে লইয়া গিয়া সুবেন্দ্রেব বৈঠকখানায় বসাইলেন। ঠাকুর অনেকক্ষণ অপেক্ষা কবিলেন, নবেন্দ্রও সংবাদ পাইয়া আসিলেন। কিন্তু অধিক রাত্রি পর্যন্ত সুরেন্দ্র ফিরিলেন না দেখিয়া ঠাকুর দক্ষিণেশ্বরে চলিয়া গেলেন।

সুবেন্দ্রবাবুর প্রতি কৃপাবিতরণার্থে ঠাকুর কতবাব কিভাবে তাঁহার গৃহে পদার্পণ করিয়াছিলেন, তাহা নির্ধারণ করা অসম্ভব। তবে আমরা জানি যে, কাঁকুড়গাছিতে রামচন্দ্রের নবপ্রতিষ্ঠিত সাধনভূমিদর্শনান্তে প্রত্যাবর্তনকালে ( ২৬শে ডিঃ, ১৮৮৩ ) ঠাকুব সুরেন্দ্রের তত্রত্য উদ্যান-বাটীতে প্রবেশ করেন এবং তথায় এক সাধুর সহিত আলাপনান্তে জলযোগ

উহার মুখোশ অপসারণপূর্বক প্রকৃত তথ্য আবিষ্কার করিতে তাঁহার অধিক সময় লাগিত না। একদা যোগোদ্যানের অবস্থা ভাল নহে দেখিয়া জনৈক ব্যবসায়ী বহু অর্থব্যয়ে মন্দিবাদি-নির্মাণের প্রস্তাব করিলে রামচন্দ্র উহা প্রত্যাখ্যান করেন ; কারণ তিনি বুঝিতে পারিয়াছিলেন যে, এই ভাবে কার্যেব প্রতিদানে ঐ ব্যবসায়ী নিজের ঘৃতাদি সম্বন্ধে তাঁহার নিকট উত্তম প্রশংসাপত্রলাভের আশা পোষণ করেন।

পারিবারিক জীবনেও তাঁহার এই বৈরাগ্য সুস্পষ্ট প্রতিভাত হইত। তাঁহার স্নেহেব পুত্তলি একটি কন্যার অগ্নিদাহে প্রাণত্যাগের পর তাঁহাকে শান্ত থাকিতে দেখিয়া একজন সবিস্ময়ে ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি উত্তর দিয়াছিলেন, "প্রভুই কন্যা দিয়েছিলেন, তিনিই নিয়েছেন—এতে আমার দুঃখ.করবার কী অধিকার আছে ?" তিনি অর্থ উপার্জন করিলেও পরিবাবেব জন্য বিশেষ সঞ্চিত হইতেছে না বলিয়া জনৈক বন্ধু অভিযোগ করিলে তিনি উত্তর দিয়াছিলেন, "আমি একদিনও ভাবিনি যে, আমি স্ত্রীকে অন্ন দিচ্ছি—প্রভুই আমাকে ও আমার স্ত্রীকে খেতে দিচ্ছেন। আমি মবে গেলে তিনিই খাওয়াবেন।"

ঠাকুরের দেহাবসানের পর তাঁহাব পূত চিতাভস্ম সমাহিত করিয়া তদুপরি স্মৃতিমন্দির-নির্মাণের জন্য অন্য কোনও উপযুক্ত ভূমি না থাকায় রামচন্দ্রের আগ্রহে এবং শ্রীরামকৃষ্ণভক্তদের সম্মতিক্রমে সাত দিন পরে জন্মাষ্টমী তিথিতে শোভাযাত্রা করিয়া ভক্তগণ চিতাভস্মপূর্ণ কলসীটি কাঁকুড়গাছির উদ্যানবাটিতে লইয়া গিয়া তথায় সমাহিত করেন।[১] তদবধি পাঁচ-ছয় মাস কাল শ্রীযুক্ত নিত্যগোপাল নিত্যপূজাদি করিতে থাকেন এবং রামচন্দ্র সমস্ত ব্যয়নির্বাহ করেন। অবশেষে নিত্যগোপাল অসুস্থ হইলে একজন বৃত্তিভোগী ব্রাহ্মণ রাখিয়া সেবা পরিচালিত হয়।

১ বিশেষ বিবরণ 'উদ্বোধন,' ১৭শ সংখ্যা, ৪৪০ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

হইত। ফলতঃ ঐ সময়ে যাঁহারা শ্রীরামকৃষ্ণকে যুগাবতার বলিয়া সর্বসাধারণ্যে প্রচার করেন, তাঁহাদের মধ্যে মনোমোহন ও রামচন্দ্র অগ্রণী ছিলেন।

ঠাকুর অসুস্থ হইলে তাঁহার সেবা চালাইবাব জন্য অনুগত ভক্ত মনোমোহন মুক্তহস্তে অর্থব্যয় কবিতেন। এই জন্য একখানি পত্রে তাঁহার সহধর্মিণীকে তিনি লিখিয়াছিলেন, "একটি পয়সাও যেন বাজে খরচ না হয়। যে পয়সাটি বাজে খবচ কবিবে, জানিবে সেইটি প্রভুর সেবাকার্যে লাগাইতে পাবিলে না। এখন প্রভুব সেবাব জন্য প্রচুব অর্থের প্রয়োজন। যুবকগণ প্রাণপণে সেবা করিতেছে, তাহাদের সেবাকার্য দেখিলে আনন্দ হয়। যাহাতে অর্থাভাবে এই সেবাকার্যটি অচল না হইয়া পডে তাহা আমাদেব দেখা অবশ্য কর্তব্য।" শুধু অর্থ দিয়াই তিনি নিশ্চিন্ত হইতে পারিলেন না, আফিস কামাই করিয়াও মধ্যে মধ্যে দুই-চাবি দিন কাশীপুবে থাকিয়া ঠাকুবের সেবা কবিতে লাগিলেন, অধিকন্তু চাকবি ছাডিয়া দিবাব কথাও ভাবিতে লাগিলেন। শ্রীবামকৃষ্ণ তাঁহাব মনোভাব বুঝিতে পাবিয়া একদিন তাঁহাকে ডাকিয়া আফিসে যাইতে বলিলেন এবং বুঝাইয়া দিলেন যে, যুবক ভক্তরাই সব করিতেছে, অপর কাহাবও সেখানে থাকা অনাবশ্যক। মনোমোহন মস্তক পাতিয়া সে আদেশ মানিয়া লইলেন।

ঠাকুরের পূত দেহাবশেষ কাঁকুডগাছিতে সমাহিত হইবাব পর মনোমোহনবাবু প্রায়ই সেখানে যাইয়া অনেক সময় কাটাইতেন। বৃষ্টি-নিবারণের জন্য সমাধিস্থানের উপব আচ্ছাদন ছিল না। মনোমোহনবাবু একদিন স্বপ্নে দেখিলেন, তাঁহার পরলোকগতা জননী বলিতেছেন, "ঠাকুরের বড় কষ্ট হচ্ছে।" সুতরাং তিনি শ্রীযুত রামচন্দ্রকে পরামর্শ দিলেন, যাহাতে পাকা আচ্ছাদন প্রস্তুত করা হয়। ঠাকুরের ইচ্ছা ছিল

সুধীর মহারাজ, কৃষ্ণলাল মহারাজ, শরৎ চন্দ্র চক্রবর্তী, ভূপেন্দ্রকুমার বসু, চারুচন্দ্র বসু, চন্দ্রশেখর চট্টোপাধ্যায় ও নিবারণচন্দ্র দত্তের নাম বিশেষ উল্লেখযোগ্য। এতদ্ব্যতীত ঠাকুরের লীলাপার্ষদগণেব ভিতর স্বামী অদ্ভুতানন্দ, নিরঞ্জনানন্দ, ত্রিগুণাতীতানন্দ, ভবনাথ ও মাস্টাব মহাশয় তাঁহার গৃহে সময়ে সময়ে শুভাগমন করিতেন।

তাঁহাব শেষ কয় বৎসর বিষাদে পরিপূর্ণ ছিল। ১৮৯৬ খ্রীষ্টাব্দের ২০শে এপ্রিল পুত্রবৎ প্রতিপালিত তাঁহার ভাগিনেয় সত্যানন্দ ঘোষ দশ বৎসর বয়সে দেহত্যাগ কবিল। তিন-চাবি বৎসব পরে তাঁহাব বিবাহিতা কন্যা মানিকপ্রভা শ্রীবামকৃষ্ণ নাম স্মরণ করিতে কবিতে মহাপ্রয়াণ কবিল। ইহাব অল্প পবেই (২৩শে মার্চ, ১৯০০) তাঁহার সাধ্বী স্ত্রী পুরুষোত্তমক্ষেত্রে ইহলোক ত্যাগ কবিয়া গেলেন। কিন্তু প্রত্যেকবাবই শ্রীবামকৃষ্ণে অর্পিতপ্রাণ মনোমোহন অচল-অটল রহিলেন। স্ত্রীব শ্রাদ্ধদিবসে মনোমোহনকে কীর্তনেব মাঝে শঙ্খধ্বনিসহকারে নৃত্য করিতে দেখিয়া একজন কাবণ জিজ্ঞাসা কবিলে তিনি বলিয়াছিলেন, "আজ আমার মহামায়ার গুরু নিপাত হইয়াছে—আজ আমি বন্ধনমুক্ত।" ১৯০২ খ্রীষ্টাব্দে তাঁহার ভগ্নী সুবেশ্বরীর মৃত্যু হয়। তখন তিনি সকলকে জানাইয়া দেন যে, ইহার পরে তাঁহার পালা।

স্ত্রীবিয়োগের পর মনোমোহনবাবু সমস্ত অবসরসময় ধর্মপ্রসঙ্গ ও যোগোদ্যানের কার্যের তত্ত্বাবধানাদিতে কাটাইতেন। অনেক সময় সারা রাত্রি ধ্যানে কাটিয়া যাইত। সকাল নয়টা পর্যন্ত গঙ্গাস্নান ও পূজাদিতে অতিবাহিত হইত। আফিসেও অবসরকালে অনুরাগীদের সহিত শ্রীরামকৃষ্ণপ্রসঙ্গ চলিত। শনিবারে নিজগৃহে আলোচনা-সভা বসিত এবং রবিবারে যোগোদ্যানে অনুরূপ প্রসঙ্গাদি হইত। শেষ বয়সে তাঁহার বহু দর্শনাদিও হইয়াছিল। কোন সময়ে তিনি সর্বত্র শ্রীরামকৃষ্ণের মুখ দেখিয়া

'পুঁথি' পড়াইয়া শুনাইলেন এবং দুই হাত তুলিয়া সাফল্যকামনা করিলেন। এতদ্ব্যতীত পুস্তক-রচনায় দেবেন্দ্র, গিবিশচন্দ্র, যোগানন্দজী, নিরঞ্জনানন্দজী ও রামকৃষ্ণানন্দজীর নিকট উপাদানাদি পাইয়াছেন বলিয়া কবি স্বীয় গ্রন্থে কৃতজ্ঞতা স্বীকাব কবিয়াছেন।

পরিণত বয়সে তিনি 'বসুমতী' আফিসে কাজ কবিতেন। বৃদ্ধাবস্থায় ঐ কাজ ছাডিয়া স্বগ্রামে চলিয়া যান এবং অবশিষ্ট জীবন প্রায় সেখানেই অতিবাহিত কবেন। কেবল একবাব ডাক্তাব উমেশবাবু এবং আবও দুই-তিনজন ভক্ত আসিয়া তাঁহাকে ময়মনসিংহ লইয়া গিয়াছিলেন এবং তিনি সেখানে ভক্তদেব বাডিতে সাত-আটমাস কাটাইয়া দেশে ফিবিয়াছিলেন। ময়মনসিংহেব এই সকল ভক্ত ছাডা মাদ্রাজ, লক্ষ্ণৌ, দ্বাবভাঙ্গা, ঢাকা প্রভৃতি স্থানেব কোন কোন ভক্ত তাঁহাকে মাঝে মাঝে অর্থাদি দ্বারা সাহায্য কবিতেন।

দেশেব বাডিতে থাকাকালে তিনি সাংসাবিক ঝঞ্ঝাটে মন না দিয়া শ্রীশ্রীঠাকুবেব স্মরণ-মননেই দিন কাটাইতেন। প্রাতে উঠিয়া নিজহাতে ঠাকুবেব বাসন মাজিতেন ও ফুল তুলিতেন। তাবপব একতাবা বাজাইয়া নামগান কবিতেন। বৃদ্ধ বয়সেও তাঁহাব স্বর বেশ মিষ্ট ছিল। ইহার পরে তিনি স্নান করিয়া ঠাকুরেব পূজা করিতেন এবং পূজা হইয়া গেলে 'লীলাপ্রসঙ্গ' পাঠ কবিতেন অথবা কিছু লিখিতেন। তখনও তাঁহাব চক্ষের জ্যোতি অব্যাহত ছিল—চশমাব প্রয়োজন হইত না। গ্রীষ্মকালে দুপুববেলা ঠাকুরঘরে বসিয়া তিনি ঠাকুব ও মাকে বাতাস করিতেন। শেষ বয়সে তিনি হাঁপানিতে ভুগিতেছিলেন; তাই দুর্বল শবীরে এত কাজ করা সম্ভব হইত না বলিয়া পূজার পূর্বে চা পান করিতেন। দেহত্যাগেব তিন-চাবি বৎসর পূর্ব হইতে তাঁহাকে পূজার কাজে বিদায় লইতে হয়।

শ্রীরামকৃষ্ণমহোৎসব হইত। নবগোপালবাবুব মনেও একদিন মহোৎসব করিবার বাসনা জাগিল। শ্রীরামকৃষ্ণেব অনুমতিলাভান্তে যথাবিধি আয়োজন হইল এবং ভক্তবর্গ নবগোপালবাবুর চণ্ডীমণ্ডপে আগমনপূর্বক ভাগবতপাঠ শুনিতে লাগিলেন। অনন্তর যথাসময়ে ভক্তবাঞ্ছাকল্পতরু শ্রীবামকৃষ্ণের পদার্পণ হইলে পাঠ বন্ধ হইল। পবে বনোযাবী নামক একজন বৈষ্ণব আপনাব দল লইয়া প্রাঙ্গণে পদাবলীকীর্তন আরম্ভ করিলেন। ঠাকুব চণ্ডীমণ্ডপে বসিয়া ছিলেন; কীর্তনারম্ভেব সঙ্গে সঙ্গে সিংহবিক্রমে কীর্তনমধ্যে আসিয়া ত্রিভঙ্গমুরলীধাবী হইয়া মহাভাবে অবস্থান কবিতে লাগিলেন। নবগোপালবাবু পূর্ব হইতেই সুগন্ধি ফুলের বড গড়ে মালা আনাইযা রাখিয়াছিলেন। এখন উহা ঠাকুবেব গলায় পবাইযা দিলেন—মালা লম্বিত হইয়া চবণস্পর্শ কবিল। ভক্তেবা যে যেখানে ছিলেন ক্রমে সেখানে সমবেত হইযা ঠাকুবকে ঘিরিয়া কীর্তন কবিতে লাগিলেন, তাঁহাদেব কাহারও কাহাবও ভাব হইল। ঠাকুবের দেহেও তখন ভাব, মহাভাবেব উদ্দাম লীলা চলিতেছে। সমাধিভঙ্গ হইলে তিনি আসনগ্রহণ কবিলেন এবং নবগোপাল সতৃষ্ণনয়নে তাঁহাব ভুবনমোহন রূপসুধা পান কবিতে থাকিলেন। অকস্মাৎ তাঁহাব মনে হইল, ঠাকুবের লীলাদেহে যেন চাঁদেব কিবণ খেলিয়া বেড়াইতেছে। তিনি ভাবিলেন, ইহা হয়তো দৃষ্টিব বিভ্রম, তাই অপব সকলেব প্রতি নযনপাত করিয়া দেখিলেন, তাঁহাদেবও বদন তুল্যরূপ সমুজ্জ্বল কিনা। কিন্তু সেরূপ জ্যোতি কোথাও ছিল না। তিনি মধ্যম ভ্রাতা জয়গোপালকে জিজ্ঞাসা কবিলেন, "আজ প্রভুব চেহারায় বিশেষ কিছু দেখছ কি?" ভ্রাতা উত্তর দিলেন, "না। অন্য দিনের মতো সাফই দেখছি।" নবগোপাল তখনও জ্যোতি দেখিতেছেন; অথচ সন্দেহ দূর হইতেছে না। তাই তিনি শীতল জলে নয়নদ্বয় ধৌত করিয়া শ্রীরামকৃষ্ণ-সমীপে উপস্থিত হইলেন; কিন্তু

ধর্মস্পৃহাব কিঞ্চিন্মাত্র ন্যূনতা ঘটে নাই, ববং উহা উত্তরোত্তব বৃদ্ধি পাইয়াছিল। তাঁহার অনুবোধে স্বামীজী 'বসুমতী'র শিবোভূষারূপে সন্ন্যাসীদের অভিবাদনমন্ত্র 'নমো নাবায়ণায়' নির্বাচন করিয়া দিয়াছিলেন এবং উপেনবাবু সাদবে গ্রহণ কবিয়াছিলেন। এই পত্রিকা শ্রীশ্রীঠাকুব ও স্বামীজীব বাণীপ্রচাবে সর্বদা প্রস্তুত ছিল। তখনকার দিনে 'ইণ্ডিয়ান মিবব' ও 'বসুমতী' এই কাজে অগ্রণী ছিল। উপেন্দ্রবাবু 'স্বামি-শিষ্যসংবাদ'-প্রণেতা শরৎ বাবু ও অপব একজনকে বলিয়া রাখিয়াছিলেন, স্বামীজীব বক্তৃতাব সারমর্ম লিখিয়া পাঠাইতে। ঐ-সকল তাঁহাব পত্রিকায় সাদবে মুদ্রিত হইত। তিনি প্রতি নভেম্বব মাসে তাঁহার আহিবীটোলাব বাড়িতে যে শ্রীবামকৃষ্ণোৎসব কবিতেন, উহা ক্রমে একটি দিবসব্যাপী অনুষ্ঠানে পবিণত হইয়াছিল। কীর্তনভজন, ভক্তসমাগম ও প্রসাদবিতরণাদিতে সমস্ত বাটীটি সেদিন আনন্দমুখবিত থাকিত। বাড়িব ভিতবদিকে অনতিদীর্ঘ প্রাঙ্গণে শ্রীশ্রীঠাকুবেব ছবি গোপাল, পদ্ম প্রভৃতি নানাবিধ কুসুমে ও পুষ্পমাল্যে সজ্জিত হইত এবং ছবির সম্মুখে মঠের সাধুদের জন্য পৃথক আসন সংবক্ষিত হইত। বহুবাজারে বাসস্থান ও ব্যবসায় স্থানান্তরিত হইবাব পবও কর্মচাবিবৃন্দকে লইয়া এই উৎসব মহাসমারোহে অনুষ্ঠিত হইত।

সাধু ও ভক্তসেবায় তাঁহাব খুবই অনুবাগ ছিল। শ্রীমৎ স্বামী অখণ্ডানন্দজীব 'স্মৃতিকথা'য় আছে—"ঠাকুবের অন্তর্ধানের অব্যবহিত পরে স্বামীজীপ্রমুখ আমরা কয়জন গুরুভাই যখন···কোন দিন কাঁকুড়গাছি পর্যন্ত গিয়া···রাত্রি প্রায় আটটার সময় ক্ষুধাতুর অবস্থায় উপেন্দ্রের সেই ছোট্ট দোকানটিতে পৌছিতাম, উপেন্দ্র তৎক্ষণাৎ এক চাঙ্গাবি নানা প্রকারের খাবার ও দোনা দোনা পান খাওয়াইয়া তাজা করিয়া দিত। বিডন স্কোয়াবের ধারে ছ্যাকডা-গাড়ির আড্ডা ছিল। গাড়োয়ানরা

অনধিকারহেতু চুনীলাল মনঃকষ্টে আছেন জানিয়া ঠাকুব তাঁহাকে বলেন, ভগবানের যে-কোন-একটি নাম উচ্চারণ কবিলেই যথেষ্ট ; প্রণবেব আবশ্যকতা নাই। তদবধি তিনি ঠাকুবের নির্দেশানুসাবে জপধ্যান ও ঠাকুবের নামোচ্চাবণ ব্যতীত আব কিছুই কবিতেন না।

চুনীবাবু একবাব তীর্থাদিভ্রমণেব জন্য তিন মাসেব ছুটি লইয়াছিলেন। ঐ সময়ে তাঁহাব সহধর্মিণী অম্লরোগে ভুগিতেছিলেন ; তাই তিনি স্থির করিলেন তাঁহাকে লইয়া বৃন্দাবনে যাইবেন। বলরামবাবু এই সংবাদ পাইয়া জানাইলেন যে, তিনিও শীঘ্রই তথায় যাইবেন, অতএব একসঙ্গে যাওয়াই উচিত। বলবামবাবুব স্বভাব ছিল এই যে, তিনি শীঘ্র কিছু করিতে পাবিতেন না, আবাব কোথাও যাইলে ছয় মাস কি এক বৎসর না থাকিয়া নড়িতেন না। বলবামেব জন্য অপেক্ষা কবিতে কবিতে দুই মাস বৃথা নষ্ট হইল দেখিয়া চুনীলাল আর বিলম্ব না কবিয়া সস্ত্রীক বৃন্দাবনে উপস্থিত হইলেন। সেখানে তাঁহাবা মোট বিশ দিন ছিলেন। সে সময় বৃন্দাবনে শ্রীযুক্ত তাবক ( শিবানন্দজী ) ছিলেন, আব ছিলেন গৌবী-মা। গৌরী-মা খুব তেজস্বিনী ছিলেন, তিনি তাঁহাদিগকে বৃন্দাবনেব দ্রষ্টব্য স্থানগুলি দেখাইযা বেডাইতেন। কিছু পবেই শ্রীযুক্ত রাখালকে ( ব্রহ্মানন্দজীকে ) লইয়া বলবামবাবু সস্ত্রীক বৃন্দাবনে উপস্থিত হন। চুনীবাবু ও অপব সকলেই বলবামবাবুদের 'কালাবাবুব কুঞ্জে' থাকিতেন এবং তথায় প্রসাদ পাইতেন। চুনীবাবু সহধর্মিণীকে বৃন্দাবনে রাখিয়া বলরামবাবুদের পূর্বেই কলিকাতায় ফিবিয়া আসেন।

বৃন্দাবন হইতে প্রত্যাবর্তনের পর যেদিন তিনি দক্ষিণেশ্বরে শ্রীরামকৃষ্ণেব দর্শনে যান, সেদিনের কথা 'কথামৃতে' ( ২।১৪।১ ও ৪।১৭।১ ) বর্ণিত হইয়াছে। চুনীলালের আরও কয়েকবার দক্ষিণেশ্বরে গমনের উল্লেখ আমরা ঐ গ্রন্থে দেখিতে পাই। তাঁহার প্রতি ঠাকুরের কিরূপ

উচ্চ ধারণা ছিল, তাহা তাঁহার একদিনের শ্রীমুখের কথায় প্রকটিত হইযাছে। ঠাকুব সেদিন মাস্টাব মহাশয়কে বলিয়াছিলেন, "চুনীতে আর তোমাতে আনা-গোনায় উদ্দীপন হয়েছে" (৪।৩১।২)।

কল্পতরু ঠাকুর যেদিন (১লা জানুযাবি, ১৮৮৬ খ্রীঃ) কাশীপুরের বাগানে ভক্তদেব মনোবাঞ্ছা পূর্ণ কবিয়া নিজ কক্ষে ফিবিয়া শয্যায় বিশ্রাম করিতে থাকেন এবং নিবঞ্জন দ্বারে অবস্থান করিয়া সকলকেই ভিতরে যাইতে বাবণ কবিতে থাকেন, সেদিন বিকালে চুনীলাল উদ্যানবাটীতে উপস্থিত হন। নবেন্দ্রনাথ তাঁহাকে দেখিবামাত্র আড়ালে ডাকিয়া লইয়া চুপি চুপি বলিলেন যে, ঠাকুবেব শবীব আর বেশী দিন থাকিবে না, সুতবাং চুনীলালেব কিছু প্রার্থনীয় থাকিলে যেন এখনই নিবেদন করেন। কিন্তু দ্বাবী নিবঞ্জনকে অতিক্রম কবা অসম্ভব জানিয়া চুনীলাল বিমর্ষচিত্তে অপেক্ষা কবিতে লাগিলেন। এই সময়ে নিবঞ্জন একটু সরিয়া যাইবামাত্র নবেন্দ্র ইঙ্গিত কবিলেন এবং চুনীলাল ভিতবে গিয়া ঠাকুবকে প্রণাম কবিলে তিনি জিজ্ঞাসা কবিলেন, "তুাম কি চাও?" চুনীলাল কিছুই বলিতে পাবিলেন না। তখন ঠাকুর নিজেব দেহ দেখাইয়া বলিলেন, "এটাতে ভক্তি-বিশ্বাস বেখো। তোমারও হবে।" বাহিরে আসিয়া চুনীলাল নবেন্দ্রনাথকে সব জানাইলে তিনি বলিলেন, "তবে আর আপনাব ভয় কি?" চুনীলাল ঠাকুবেব ঐ কথাটি জীবনেব সম্বল কবিয়া রাখিয়াছিলেন।

চুনীবাবু বামকৃষ্ণ মঠ ও মিশনেব অকৃত্রিম বন্ধু ছিলেন। তাই স্বামীজী তাঁহার অভাবেব কথা জানিতে পাবিযা আমেরিকা হইতে লিখিয়াছেন, "দুই-তিন মাসের মধ্যে আমি তাঁহাকে সাহায্য করিতে পারিব।...বলরাম, সুবেশ, মাস্টাব ও চুনীবাবু, এবা সকলে বিপদে আমাদেব বন্ধু। অতএব এদের ঋণ আমরা কখনও পরিশোধ করতে পারব না।"

অতএব উপস্থিত সকলেই কালীমাতাব ভাবাবিষ্ট বরাভয়কর প্রভুর পাদপদ্মে পুষ্পাঞ্জলি দিযা কৃতার্থ হইলেন। পরে সামান্য প্রসাদ-গ্রহণান্তে শ্রীপ্রভুব আদেশে সকলে সুরেন্দ্রেব গৃহে ৺কালীপূজার প্রসাদ গ্রহণ কবিতে গেলেন।

তারপর শ্রীপ্রভু কাশীপুবে আসিয়াছেন। ১৮৮৫ খ্রীষ্টাব্দে ১১ই ডিসেম্বর সকালে "প্রেমের ছড়াছড়ি।" ঠাকুর "কালীপদব বক্ষস্পর্শ করিয়া বলিতেছেন, 'চৈতন্য হও।' আব চিবুক ধবিযা তাঁহাকে আদর কবিতেছেন, আব বলিতেছেন, 'যে আন্তবিক ঈশ্বরকে ডেকেছে বা সন্ধ্যা আহ্নিক করেছে, তার এখানে আসতেই হবে।'" ('কথামৃত', ৪।৩১।১)

শ্রীবামকৃষ্ণের লীলাসংববণেব পব দেখা যাইত যে, গিরিশ ও কালীপদ তাঁহাব ছবিব সম্মুখে দীর্ঘকাল নীববে বসিযা থাকিতেন, যেন তাঁহাব দর্শনলাভেব জন্য আকুলতাপূর্ণ মৌন প্রার্থনা জানাইতেছেন, আব মাঝে মাঝে অশ্রুভাবাক্রান্ত-হৃদয়ে বলিতেন, "ঠাকুব, দেখা দাও।" পবে হৃদযেব জ্বালা জুড়াইবাব জন্য কালীপদ কাঁকুড়গাছিব যোগোদ্যানে যাতাযাত কবিতে থাকেন এবং ক্রমে সেখানকাব এক প্রধান স্তম্ভস্বরূপ হইয়া উঠেন। কাঁকুড়গাছিব ভক্তেবা তাঁহাব স্থূলদেহকে ঘিবিয়া নাচিতে নাচিতে গান গাহিতেন, আব তিনি স্থিবভাবে দাঁড়াইয়া থাকিতেন। একবার নবগোপালবাবুব বাড়ির বাৎসবিক উৎসবে নিমন্ত্রিত কালীবাবু সেখানে গিয়া কাঁকুড়গাছির কীর্তনিযাদেব মধ্যে উপবিষ্ট আছেন। এমন সময় গিবিশচন্দ্র উপস্থিত হইবামাত্র ভক্তগণ উল্লসিত হইয়া খোলে চাঁটি দিতে লাগিলেন, সঙ্গে সঙ্গে কবতালেও ঘা পড়িতে লাগিল। দেখিতে দেখিতে গিরিশ ও কালীপদ নগ্নগাত্রে উঠিযা দাঁড়াইলেন এবং ভক্তগণ এই নবযুগের 'জগাই-মাধাই'কে ঘিবিয়া নৃত্য ও সঙ্গীত আরম্ভ করিলেন। অমনি নবগোপাল দুই ছড়া প্রসাদী মালা আনিয়া ভক্তদ্বয়ের গলে পরাইয়া

রানীব সর্বশ্রেষ্ঠ কীর্তি দক্ষিণেশ্বরে মন্দিবস্থাপন। ইহাই তাঁহাকে বাঙ্গলাব ইতিহাসে চিবস্মবণীযা কবিয়াছে। এই বিষযক ঘটনাবলী সম্বন্ধে কিঞ্চিৎ মতভেদ আছে। আমবা প্রধানতঃ 'লীলাপ্রসঙ্গো'ক্ত বিববণেবই অনুসবণ কবিব।

১২৫৪ বঙ্গাব্দে বানীব ৺বিশ্বেশ্ববদর্শনেব অভিলাষ হইল। তখনও রেলপথ সর্বত্র প্রসাবিত হয় নাই, অতএব বানীব দাস-দাসী, খাদ্যসম্ভাব এবং আত্মীয-স্বজনকে জলপথে কাশীধামে লইযা যাইবাব জন্য পঁচিশখানি বজবা প্রস্তুত হইল। অশেষগুণশালিনী বানীব শ্রীশ্রীকালিকাব শ্রীপাদপদ্মে অসীম ভক্তি ছিল। "জমিদাবী সেবেস্তাব কাগজপত্রে নামাঙ্কিত করিবাব জন্য তিনি যে শীলমোহব নির্মাণ কবাইয়াছিলেন তাহাতে ক্ষোদিত ছিল—'কালীপদ-অভিলাষিণী বানী বাসমণি'" ('লীলাপ্রসঙ্গ')। কাশীধামে গমনেব সমস্ত আযোজন সম্পূর্ণ হইয়া গেলে যাত্রাব পূর্বরাত্রে তিনি স্বপ্নযোগে দেবীব প্রত্যাদেশ পাইলেন,[১] "কাশী যাইবাব আবশ্যক নাই, ভাগীবথী-তীবে মনোবম প্রদেশে আমাব মূর্তি প্রতিষ্ঠিত কবিযা পূজা ও ভোগেব ব্যবস্থা কব। আমি ঐ মূর্ত্যাশ্রয়ে আবির্ভূতা হইযা তোমাব নিকট হইতে নিত্যপূজা গ্রহণ কবিব" (ঐ)। এই দৈবনির্দেশলাভান্তে রাণী সংগৃহীত দ্রব্যাদি ব্রাহ্মণ ও দবিদ্রদের মধ্যে বণ্টন করিয়া দিতে বলিলেন এবং তীর্থযাত্রাব জন্য সঞ্চিত অর্থ ভূমিক্রয় ও মন্দিবনির্মাণে ব্যয় করিতে আদেশ দিলেন। 'গঙ্গাব পশ্চিম কূল বাবাণসী-সমতুল'—এই প্রবাদবাক্য-স্মরণে মথুবানাথ প্রথমে পশ্চিম তীবেই জমির অন্বেষণ করিলেন; কিন্তু অকৃতকার্য হইয়া ১৮৫৭ খ্রীষ্টাব্দের সেপ্টেম্বর মাসে গঙ্গার

১ "কেহ কেহ বলেন, যাত্রা করিয়া বানী কলিকাতাব উত্তবে দক্ষিণেশ্বব গ্রাম পর্যন্ত অগ্রসব হইযা নৌকাব উপব বাত্রিবাস কবিবার কালে ঐ প্রকাব প্রত্যাদেশ লাভ করেন" (ঐ)।

পূর্বতীববর্তী সবকাবী বারুদখানার দক্ষিণে ষাট বিঘা ভূমি ও তাহাতে অবস্থিত একটি কুঠি পঞ্চান্ন হাজাব টাকায় ক্রয কবিলেন। স্থানটি হেষ্টি নামক কলিকাতা স্থপ্রীম কোর্টেব একজন এটর্নীব ছিল। উহা দেখিতে কূর্মপৃষ্ঠ ; উহাব একাংশে কুঠিব এবং অপবাংশে মুসলমানদেব কববডাঙ্গা ও গাজী সাহেবেব দবগা ছিল। শক্তিপীঠস্থাপনেব পক্ষে এইরূপ কূর্মপৃষ্ঠ শ্মশান অতি প্রশস্ত। ভূমিসংগ্রহান্তে প্রথমে গঙ্গাব ধাবে পোস্তা ও ঘাট প্রস্তুত হয়, কিন্তু প্রবল বানেব আঘাতে উহা চূর্ণবিচূর্ণ হইযা যাওযায় মেকিণ্টশ্ কোম্পানিকে উহা পুনর্নির্মাণেব ভাব দেওযা হয়। অতঃপব মন্দিবাদিব কার্য আবম্ভ হইযা ১২৬১ বঙ্গাব্দে ( ১৮৫৪ ইং ) প্রায় শেষ হইযা আসিল। কিন্তু বানীব ভয হইল যে, মন্দিবপ্রতিষ্ঠা শীঘ্র সমাপ্ত না হইলে তাঁহাব জীবনকালে উহা নাও হইতে পারে। অধিকন্তু দেবীমূর্তি নির্মাণেব পব ভগ্ন হইবাব ভযে বাক্সে বন্ধ কবিয়া বাখা হইযাছিল, এই সময়ে ঐ মূর্তি ঘামিয়া উঠিল এবং দেবী স্বপ্নে বানীকে বলিলেন, "আমাকে আর কত দিন ঐভাবে আবদ্ধ কবিযা বাখিবি। আমাব যে বড কষ্ট হইতেছে ; যত শীঘ্র পাবিস আমাকে প্রতিষ্ঠিতা কব।" কিন্তু নিকটে কোনও স্থদিন ছিল না, অতএব ১৮৬২ সালেব ১৮ই জ্যৈষ্ঠ তাবিখে স্নানযাত্রাব দিনে ( ১৮৫৫ খ্রীষ্টাব্দেব ৩১শে মে বৃহস্পতিবার ) প্রতিষ্ঠাব দিন অবধাবিত হইল। কিন্তু ইহাব পূর্বেব একটি ঘটনার ফলস্বরূপে ক্রমে যথাসময়ে শ্রীরামকৃষ্ণকে দক্ষিণেশ্বরেব পটভূমিকায় অবতীর্ণ হইতে হইল।

বানীব বাসনা ছিল যে, মন্দিবে দেবীব অন্নভোগ হইবে, অথচ সামাজিক প্রথানুসাবে উক্ত মন্দিবে কোন উচ্চশ্রেণীব ব্রাহ্মণ পূজাবী-পদে ব্রতী হইতে চাহিলেন না। রানী এই বিষয়ে প্রায় হতাশ হইয়া পডিযাছেন, এমন সময় ঝামাপুকুবেব চতুষ্পাঠীর অধ্যাপক এবং

সঙ্গীত-শ্রবণে পুলকিত হইয়াছিলেন। এই গানটি তাঁহাব বিশেষ প্রিয ছিল—

কোন্ হিসাবে হবহৃদে দাঁড়িয়েছ মা পদ দিয়ে।
সাধ কবে জিব বাড়ায়েছ, যেন কত ন্যাকা মেয়ে ॥
জেনেছি জেনেছি তাবা, তাবা কি তোব এমনি ধাবা।
তোব মা কি তোব বাপেব বুকে দাঁড়িযেছিল এমনি কবে ॥

সম্প্রতি শ্রীগোবিন্দবিগ্রহেব সংস্কাবেব পূর্বে ঠাকুবেব ভাবাবেশ ও ভক্তিপূত সিদ্ধান্তেব পবিচযলাভে সে প্রীতি শ্রদ্ধায পবিণত হইয়াছিল। তথাপি অল্পকাল পবে যে ঘটনা ঘটিল তাহাতে স্পষ্টই প্রতীত হয় যে, বানীব নিজমনে সাধনাসম্ভূত অতি উচ্চ ভক্তিভাব না থাকিলে ঠাকুবেব প্রতি ভক্তি-শ্রদ্ধা সেদিন ধূলিসাৎ হইযা যাইত। বানী সেদিন "মন্দিবে শ্রীশ্রীজগদম্বাব দর্শন ও পূজাদি কবিবাব কালে তদ্বিষয়ে তন্ময না হইয়া বিষযকর্মসম্পর্কীয় একটি মামলাব ফলাফল সাগ্রহে চিন্তা কবিতেছিলেন। ঠাকুর তখন ঐ স্থানে বসিযা তাঁহাকে সঙ্গীত শুনাইতেছিলেন। ভাবাবিষ্ট ঠাকুব তাঁহাব মনেব কথা জানিতে পাবিযা 'এখানেও ঐ চিন্তা' বলিয়া তাঁহাব কোমলাঙ্গে আঘাতপূর্বক ঐ চিন্তা হইতে নিবস্তা হইতে শিক্ষা-প্রদান কবেন। শ্রীশ্রীজগদম্বাব কৃপাপাত্রী সাধিকা বানী উহাতে নিজমনেব দুর্বলতা ধবিতে পাবিযা অনুতপ্তা হইয়াছিলেন এবং ঠাকুবের প্রতি তাঁহাব ভক্তি ঐ ঘটনায় বিশেষ বৃদ্ধি পাইয়াছিল" ('লীলাপ্রসঙ্গ')। এদিকে রানীব উপর প্রহাব হইতে দেখিয়া মন্দিবে বেশ চাঞ্চল্যেব সৃষ্টি হইল; এমন কি, ভট্টাচার্য মহাশয়কে শাস্তি দিবার জন্য কর্মচারীবা শশব্যস্তে তথায় সমবেত হইল। কিন্তু বানী গম্ভীরস্বরে আদেশ দিলেন, "ভট্টাচার্য মশায়েব কোন দোষ নেই; তোমবা তাঁকে কেউ কিছু বলো না।" মথুববাবুও সমস্ত শুনিয়া শ্বশ্রূঠাকুরানীব আদেশই বহাল বাখিলেন।

মন্দিরপ্রতিষ্ঠার ( ১৮৫৫, মে ) পর রানী রাসমণি দীর্ঘকাল ইহধামে ছিলেন না। ১৮৬১ খৃষ্টাব্দেব প্রারম্ভে তিনি গ্রহণীরোগে আক্রান্ত হন। তখনও দক্ষিণেশ্বরের জন্য ক্রীত দিনাজপুরের জমিদারি দেবোত্তব করা হয় নাই। এখন উহা কবিবার জন্য তিনি ব্যস্ত হইলেন। তাঁহার কন্যাচতুষ্টয়ের মধ্যে তখন কেবল শ্রীমতী পদ্মমণি ও শ্রীমতী জগদম্বা বাঁচিয়া ছিলেন। ভবিষ্যতে সম্পত্তিব অপব্যবহার বন্ধ কবিবাব জন্য বোগশয্যা-শায়িতা রানী উভয় কন্যাকে দেবোত্তব কবিবাব সম্মতিযুক্ত একখানি ভিন্ন একরারনামা লিখিয়া দিতে বলিলেন। জগদম্বা উহাতে সম্মতা হইলেও পদ্মমণি সহি দিলেন না। তাই মৃত্যুশয্যায় শয়ন কবিয়াও বানী শান্তিলাভ কবিতে পারিলেন না। অগত্যা ৺জগদম্বাব ইচ্ছায় যাহা হইবার হইবে ভাবিয়া তিনি ১৮৬১ খ্রীষ্টাব্দেব ১৮ই ফেব্রুয়াবি দেবোত্তব-দানপত্রে সহি কবিলেন এবং ঐ কার্য সমাধা করিবাব পবদিন ( মঙ্গলবাব ) বাত্রিকালে শবীবত্যাগ কবিয়া ৺দেবীলোকে গমন কবিলেন।

“শবীবত্যাগেব কিছু পূর্বে বানী বাসমণি কালীঘাটে আদিগঙ্গাতীবস্থ বাটীতে আসিয়া বাস কবিয়াছিলেন। দেহবক্ষাব অব্যবহিত পূর্বে তাঁহাকে গঙ্গাগর্ভে আনযন কবা হইলে সম্মুখে অনেকগুলি আলোক জ্বালা বহিয়াছে দেখিয়া সহসা বলিয়া উঠিযাছিলেন, ‘সবিযে দে, সবিয়ে দে, ওসব রোশনাই আর ভাল লাগছে না, এখন আমাব মা আসছেন! তাঁর শ্রীঅঙ্গেব প্রভায় চাবিদিক আলোকময় হয়ে উঠেছে।’ ( কিছুক্ষণ পরে ) ‘মা এলে! পদ্ম যে সহি দিলে না—কি হবে, মা!’ ···কথাগুলি বলিয়াই পুণ্যবতী বানী শান্তভাবে মাতৃক্রোড়ে মহাসমাধিতে শয়ন করিলেন। রাত্রি তখন দ্বিতীয় প্রহর উত্তীর্ণ হইয়াছে” ( ঐ )।

এইরূপ ভক্তিমতী নাবীব জীবনীর পূর্ণ তাৎপর্য লৌকিক দৃষ্টিতে নির্ণয় কবা অসম্ভব, ইহাব কিঞ্চিন্মাত্র ধারণায় আনিতে হইলে আমাদিগকে

শ্রীরামকৃষ্ণের মুখে তুলিয়া দিতে লাগিলেন। কিয়ৎক্ষণ পরে ভাব-সংবরণ করিয়া ঠাকুর আপনার চৌকিতে বসিলেন। গোপালের মার কিন্তু ভাব আব থামে না—সারা ঘব তিনি নাচিয়া বেড়াইতে লাগিলেন আব বলিতে লাগিলেন, "ব্রহ্মা নাচে, বিষ্ণু নাচে, আর নাচে শিব"—ইত্যাদি। এই দেবদুর্লভ দৃশ্যে মুগ্ধা গৃহসম্মার্জনরতা অপব ভক্তমহিলা ভাবিতে লাগিলেন —যে ঠাকুর স্ত্রীজাতির স্পর্শমাত্র সহ্য করিতে পাবেন না, তাঁহার আজ এ কীদৃশ আচরণ! একদিকে দ্বিষষ্টিবর্ষাতীতা বৃদ্ধার অনুপম মাতৃস্নেহ, অপবদিকে অষ্টচত্বারিংশৎ বয়স্ক প্রৌঢ়েব গোপালভাব! শোনা যায় বটে যে, যশোদাভাবে আত্মহারা ভৈববী ব্রাহ্মণীর ক্রোড কখন কখন তাঁহার দ্বাবা অলঙ্কৃত হইত, কিন্তু উহা অতীতেব শোনা কথা আর ইহা প্রত্যক্ষ! ভাবসংববণান্তে গোপালেব মাব সে-আনন্দ দেখিয়া উপস্থিত অপব মহিলাটিকে ঠাকুব সহাস্যে বলিলেন, "দেখ দেখ, আনন্দে ভবে গেছে—ওর মনটা এখন গোপাল-লোকে চলে গেছে!" ভাবেব আধিক্যে অঘোবমণি সেদিন ঠাকুরকে কত কথাই না বলিতে লাগিলেন, "এই যে গোপাল আমার কোলে, ঐ যে তোমাব ভেতব ঢুকে গেল; ঐ আবাব বেবিয়ে এল; আয় বাবা, দুঃখিনী মার কাছে আয়"—ইত্যাদি। গোপাল এইরূপে কখন ঠাকুরের সহিত মিশিয়া এবং কখন বাল্যলীলার তবঙ্গ তুলিয়া একদিকে যেমন শ্রীবামকৃষ্ণকেই গোপালরূপে প্রত্যক্ষ কবাইল, অপবদিকে তেমনি গোপালের মাকে আত্মহাবা কবিল। অঘোবমণি আজ হইতে বাস্তবিকই গোপালেব মা হইলেন এবং ঠাকুবও তাঁহাকে ঐ নামে ডাকিতে লাগিলেন। তাঁহাব ভাবপ্রশমনের জন্য ঠাকুব সেদিন বহু প্রকারে যত্ন করিতে লাগিলেন—তাঁহাব বুকে হাত বুলাইয়া দিলেন, তাঁহাকে ভাল ভাল খাদ্যসামগ্রী খাওয়াইলেন এবং সমস্ত দিন নিকটে রাখিয়া স্নানাহার করাইলেন। খাইতে খাইতে ব্রাহ্মণী বলিতে লাগিলেন,

দেখিলেন যে, ধনী ভক্তেবা অনেক মূল্যবান দ্রব্য আনিয়াছেন, তাই ঠাকুর তাঁহাব নিকট খাবার চাহিলেও লজ্জায় উহা বাহিব কবিতে পাবিলেন না। তবু ঠাকুর ভাবাবস্থায় উহার দুই-একটি তুলিয়া লইয়া খাইলেন। গৃহে প্রত্যাবর্তনকালে গোপালেব মা অবশিষ্ট বাতাসাগুলি লইয়া আসিলেন এবং উহাতে প্রসাদবুদ্ধি থাকিলেও পথে যাতায়াতেব ফলে অশুচি হইয়াছে মনে কবিয়া উহা বাগানেব মালীকে খাইতে দিলেন। তাবপব এক দিবস খড়দহে শ্যামসুন্দবদর্শনান্তে প্রত্যাবর্তনকালে একজন পূজাবী তাঁহাকে প্রসাদ দিলে তিনি উহা লইয়া অগ্রসব হইবেন, এমন সময় কে একজন ব্রাহ্মণ মন্দিবেব সিঁড়িব ধাবে দাঁড়াইয়া পরিচিত-কণ্ঠে বলিলেন, "কি গো, খাবি তো? না আবাব মালীকে দিবি?" চমকিতা ব্রাহ্মণী শুনিলেন শ্রীরামকৃষ্ণেব কণ্ঠবব, যদিও আকৃতিটি ভিন্ন। অমনি দক্ষিণেশ্বরে আসিয়া তিনি অশ্রুসিক্ত কণ্ঠে নিবেদন কবিলেন, "বাবা, আমি অপবাধ কবেছি, আমাব কি হবে?" চিবশিশু বামকৃষ্ণ সেই ঘটনা শুনিযা কেবল হাসিলেন।

অঘোরমণি অবিবাম দুইমাস কাল বাৎসল্যরতিব প্রবলতবঙ্গে হাবুডুবু খাইয়াছিলেন এবং বালগোপালকে কোলেপিঠে লইয়া বাস কবিয়াছিলেন। এইরূপ দীর্ঘকাল চিন্ময়-নাম, চিন্ময়-ধাম ও চিন্ময়-শ্যামের প্রত্যক্ষ উপলব্ধি অতি অল্প মহাভাগ্যবানেবই সম্ভবে। দুই মাস পরে ভাবের আতিশয্য মন্দীভূত হইলেও আঘোরমণি একান্তমনে একটু চিন্তা কবিলেই গোপালের দর্শন পাইতেন। তাঁহার পববর্তী জীবন এই লীলাখেলারই ইতিহাস।

১৮৮৫ খ্রীষ্টাব্দের উলটা বথের দিনে ঠাকুর বলবামমন্দিরে আগমনপূর্বক দুই দিন ও দুই রাত্রি তথায় যে আনন্দেব তুফান তুলিয়াছিলেন, তাহাব আবেগে প্রায় প্রত্যেক ভক্তই তৎসকাশে আগমন করিলেও গোপালের মাকে না দেখিয়া ঠাকুব জলযোগকালে গৃহের স্ত্রীভক্তদিগকে তাঁহার

গোপালের মা যখন ইহাতে আপত্তি তুলিলেন, তখন ঠাকুব তাঁহার চিবুক ধরিয়া সাদবে বলিলেন, "ওগো, ছিলে গুড, হলে চিনি, তার পবে হলে মিছবি! এখন মিছবি হয়েছ, মিছবি খাও আর আনন্দ কব।"

সঙ্গে সঙ্গে মনে রাখিতে হইবে—গোপালেব মার আচবণের প্রতি ঠাকুরের সতর্ক দৃষ্টি। বলরাম-ভবনে পূর্বোক্ত উলটা-রথেব পর ঠাকুর যে নৌকায় দক্ষিণেশ্বরে চলিলেন তাহাতে দুই-একজন বালকভক্ত ও গোলাপমার সহিত গোপালের মা'ও একটি বড পুঁটুলি লইয়া উঠিলেন। ব্রাহ্মণীকে দবিদ্র জানিয়া বলবামবাবুব পবিবাববর্গ তাঁহাকে বস্ত্রাদি বহু আবশ্যকীয় দ্রব্য দিয়াছিলেন। যে ঠাকুব গোপালেব মাব সহিত এযাবৎ অতি স্নেহপূর্ণ ব্যবহাব করিতেছিলেন, তিনি ঐ পুঁটুলিটি দেখিয়া যেন অন্য লোক হইয়া গেলেন। ভাবস্রোত বাধা পাইয়া বিপবীত মুখে চলিল। গোপালেব মাব সহিত তিনি কথা বলেন না, অপরের নিকট বৈবাগ্যের মহিমা কীর্তন কবিতে কবিতে ঐ পুঁটুলিব দিকে চাহেন—এই-সকল দেখিয়া গোপালেব মা মবমে মবিয়া গেলেন, তাঁহাব মনে হই, পুঁটুলিটি গঙ্গাজলে বিসর্জন দেওযাই উচিত। তাহাব পর দক্ষিণেশ্বরে পৌছিয়াই শ্রীশ্রীমাতাঠাকুবানীকে বলিলেন, "ও বউমা, গোপাল• এই-সব জিনিসেব পুঁটুলি দেখে বাগ কবেছে। এখন উপায়? —তা এ-সব আব নিয়ে যাব না, এইখানেই বিলিয়ে দিযে যাই।" বুড়ীর কাতবতা দেখিয়া করুণাময়ী মা বলিলেন, "উনি বলুন গে। তোমায় দেবাব তো কেউ নেই, তা তুমি কি করবে, মা?—দবকার বলেই তো এনেছ!" গোপালেব মা তথাপি কযেকটি দ্রব্য বিলাইয়া দিলেন এবং সভয়ে দুই-একটি তরকারি বাঁধিয়া ঠাকুবকে খাওয়াইতে গেলেন। বৃদ্ধাকে অনুতপ্ত দেখিয়া ঠাকুব তখন প্রসন্ন হইয়াছেন, অতএব আশ্বস্তা হইয়া গোপালেব মা কামারহাটীতে ফিরিলেন।

"আপনি এখানে কেন ? আপনি এখান থেকে যান, আপনার দর্শনে আমাদেব বড কষ্ট হচ্ছে।" ঠাকুব তৎক্ষণাৎ গৃহত্যাগ করিয়া চলিলেন ; বাখালও সঙ্গে গেলেন। কিন্তু গোপালেব মাকে ঠাকুব কিছুই বলিলেন না ; কারণ বৃদ্ধাকে সেখানে বাস কবিতে হইবে। বাখালকে পবে সব বলিলেন।

ঠাকুবেব লীলাসংববণেব পব শোকে ম্রিয়মাণা ও সর্বদা গোপাল-চিন্তায় নিমগ্না গোপালেব মা বহুবাব সর্বভূতে গোপালেব সাক্ষাৎকাব পাইয়া ধন্য হইয়াছিলেন। তন্মধ্যে একবাব মাহেশেব বথযাত্রায় উপস্থিত হইয়া তিনি দেখেন বথ, রথেব উপব জগন্নাথদেব, যাহাবা বথ টানিতেছে এবং দর্শনার্থী অপাব জনসঙ্ঘ—সকলেই গোপালেব বিভিন্ন রূপ। ঐ অনুভব সম্বন্ধে তিনি জনৈকা স্ত্রীভক্তকে বলিযাছিলেন, "তখন আব আমাতে আমি ছিলাম না—নেচে হেসে কুরুক্ষেত্র কবেছিলাম।" আব একদিন তিনি আহাবেব সময় ভাবে গদ্‌গদ হইয়া গোপালবুদ্ধিতে উপস্থিত স্ত্রীভক্তদিগকে স্বহস্তে খাওয়াইয়া দিয়াছিলেন।

দর্শনাদিব ফলে গোপালেব মাব মন এতই উদাব হইয়াছিল যে, ঠাকুরেব লীলাকালে দক্ষিণেশ্ববে একদিন নরেন্দ্র একবাটি মহাপ্রসাদ খাইয়া উঠিয়া গেলে ঠাকুব যখন জনৈকা স্ত্রীভক্তকে স্থানটি পবিষ্কাব কবিতে বলিলেন, তখন গোপালেব মা স্বতই অগ্রসব হইয়া ঐ কাজ কবিলেন। উহা দেখিয়া ঠাকুর আনন্দে বলিলেন, "দেখ দেখ, দিন দিন কি উদার হয়ে যাচ্ছে!" স্বামীজী বিদেশ হইতে পাশ্চাত্ত্য শিষ্যবৃন্দ-সহ ফিবিয়া একদিন গোপালের মাকে বলিয়াছিলেন, "আমাব সব সাহেব-মেম চেলা আছে, তাদের কি তুমি কাছে আসতে দেবে, না তোমার আবার জাত যাবে ?" তাহাতে তিনি উত্তর দেন, "সেকি, বাবা ? তারা তোমার সন্তান, তাদেব আমি আদব করে নাতি-নাতনী বলে কোলে নেব গো।

নেই ?" বলিয়া তিনি অকস্মাৎ ভূপতিত হইলেন। ঐ পতনের ফলে কনুইয়ের কাছটা ভাঙ্গিয়া যাওয়ায় কিছুকাল বাড় বাঁধিয়া রাখিতে হইয়াছিল।

স্বামীজীব অনুরোধে তিনি একবাব দুইজন মহিলাকে মন্ত্র দিয়াছিলেন। মহিলাদ্বয় দীক্ষা চাহিলেও গোপালেব মা সম্মত হইতেছেন না দেখিয়া স্বামীজী বলিয়াছিলেন,"তুমি কি যে-সে ? তুমি জপে সিদ্ধা। তুমি দিতে পাববে না তো কে পাববে ? বলি কিছু না পার, তোমার ইষ্টমন্ত্রটি দিয়ে দাও—তাতেই ওদেব কাজ হবে। তোমাব আর কি হবে ?" দীক্ষার পব স্পৃহাশূন্য গোপালেব মা গুরুদক্ষিণা কিছুই লইবেন না দেখিয়া বলবামবাবু বলিলেন, "কিছু না নাও, অন্ততঃ ষোল আনা কবে নাও"। শিষ্যাদেব পাছে ক্ষোভ হয় তাই একটি একটি কবিয়া টাকা গ্রহণ কবিয়া তিনি উপদেশ দিলেন, "ওগো, মনপ্রাণ যে দেবাব কথা ! টাকা তো তুচ্ছ। ···নাম নেওয়া হেলনা-ফেলনা জিনিস নয়। অন্ততঃ দশ হাজাব জপেব পর আসন ত্যাগ কববে।"

কামাবহাটীব বাগানে ভূতেব উৎপাত ছিল। দত্তগৃহিণীর আমলে যে পাহাবাব ব্যবস্থা ছিল, উহা বহিত হওয়ায় স্বামী সাবদানন্দ নিজব্যয়ে তথায় একটি মালী নিযুক্ত করেন। এতদ্ব্যতীত আব কেহ বাগানে থাকিত না। স্বামীজীব দেহত্যাগেব সংবাদে পড়িয়া গিয়া যখন গোপালেব মার হাত ভাঙ্গিয়া যায়, তখন একজন সেবিকাব তথায় থাকার ব্যবস্থা হয়। গোপালেব মা যেন তাহাকে বিদায় করিতে পাবিলেই বাঁচেন, এমনি ভাবে বলিতেন, "কখন যাবি ? এ্যাঁ, থাকবি নাকি ? মতলব কি ? একথা বলছি বলে কিছু মনে করিসনি।" ইহার পূর্বে ( ১৯০১ ) তাঁহাব আমাশয় হইলে কন্যাস্থানীয়া একজন সেবিকা সেখানে ছিলেন, আর এক ব্রহ্মচারী হোমিওপ্যাথিক ঔষধ দিয়া আসিতেন।

স্বামী ব্রহ্মানন্দ, সারদানন্দ ও নিবেদিতা প্রভৃতি মাঝে মাঝে তাঁহাকে দেখিয়া আসিতেন। স্বামীজীও একবার গিয়াছিলেন। সেবিকাকে দেখিয়াই অঘোরমণি বলিয়াছিলেন, "কেন এখানে এলি? কষ্ট পাবি। আমার তো গোপাল আছে। কোথায় শুবি? একটা ঘব ঠিক কর। সব ঘবে চাবি। পূজাবী বামুনকে বল—একটা খুলে দেবে। ভ্যাখ, যখন শব্দ-টব্দ পাবি, তখন খুব জপ করবি—গোড়া থেকেই বাপু বলে বাখছি। এখানে নানান বকম আছে।" বাত্রে সেবিকাব অগ্নি-পবীক্ষা চলিল—ছাদে দুড দুড শব্দ, জানালায় আওয়াজ, আব একটা ছমছম ভাব। অথচ জানিয়া শুনিয়া ইহাবই মধ্যে গোপালেব মাব দীর্ঘজীবন যাপিত হইল!

ঠাকুবেব শিক্ষাগুণে অপবিগ্রহে প্রতিষ্ঠাতা অঘোবমণিকে কেহ কিছু দিতে আসিলেও তিনি গ্রহণ কবিতেন না। একবাব একটি মশাবিব প্রয়োজন হইলে তিনি অল্পমূল্যে ছোট একটি কিনিয়া আনিতে বলিলেন। কিন্তু জনৈক ভক্ত এক বৃহৎ মশাবি উপস্থিত কবিলে তিনি মহা বিপদে পডিলেন। পবে অপব একজনেব ছোট মশাবিব সহিত উহা বদল কবিয়া তবে শান্তি পাইলেন। শিষ্যা তাঁহাকে কিছু দিতে চাহিলে বলিলেন, "তোবা আব কি দিবি? গোপাল আমাব সব অভাব মিটিয়ে দিয়েছে। শুকনো উচ্ছে চাবটি আনবি যখন আসবি। ব্যস, তা হলেই তোদের হবে।" এই পবিবেশেব মধ্যে লোকচক্ষুব অন্তবালে শেষ নিঃশ্বাস ফেলিয়াই হয়তো তিনি বিদায় লইতেন, কিন্তু ১৯০৪ খ্রীষ্টাব্দে তাঁহাব বোগবৃদ্ধি হইলে বামকৃষ্ণ-ভক্তমণ্ডলী নিশ্চিন্ত থাকিতে না পারিয়া তাঁহাকে কলিকাতায় বলবামবাবুর বাটীতে লইয়া আসিলেন।

তাঁহার শেষবাবে কামাবহাটী পরিত্যাগেব পূর্বে স্বামী ব্রহ্মানন্দেব আদেশে একটি ভক্ত বালক কলিকাতা হইতে কিছু দ্রব্য লইয়া তথায়

করিতেন। বৃদ্ধ বয়সেও তাঁহার জপধ্যানে অনুরাগ দেখিলে আশ্চর্য হইতে হইত। শত কোলাহলাদি সত্ত্বেও তিনি প্রত্যহ নিয়মিত কাল নির্দিষ্ট সংখ্যক জপে অতিবাহিত করিতেন ; গঙ্গাস্নানের পরও ঘাটে দুই ঘটা বা আড়াই ঘণ্ট। জপে নিরত থাকিতেন—শীত-বর্ষাদিতে পর্যন্ত ইহার ব্যতিক্রম হইত না। ধ্যানকালে তাঁহাব শবীববোধ এমনই লুপ্ত হইত যে নয়নকোণে মাছি বসিয়া থাকিলেও তাঁহাব চক্ষু অচঞ্চল থাকিত। আবার বৈধী পূজার্চনায় তাঁহার নিষ্ঠা ও অভিজ্ঞতা এতই অধিক ছিল যে, তাহা পুরুষদেব মধ্যেও অল্পই দৃষ্ট হয়। এই-সকল কারণে শ্রীশ্রীমা বলিতেন, "যোগেন খুব তপস্বিনী—এখনও কত ব্রত উপবাস করে।" চিরাভ্যস্ত এই জপারাধনাদি তাঁহার এতই অস্থিমজ্জাগত হইয়া গিয়াছিল যে, শেষ অসুখেব সময় যখন তাঁহাব উঠিবার ক্ষমতা ছিল না, তখনও নিয়মিত জপাদির জন্য তাঁহাকে উঠাইয়া বসাইতে হইত। আব ঐরূপ উত্থানশক্তিবহিত হইয়াও তিনি 'কথামৃত', 'লীলাপ্রসঙ্গ', 'চৈতন্যচবিতামৃত', 'ভাগবত' প্রভৃতি পাঠ শুনিতেন।

ফলতঃ সিদ্ধিলাভে ধন্য হইলেও তিনি আমবণ সাধনাতেই বত ছিলেন। তাঁহার খর্ব অথচ সুগঠিত দেহ, উজ্জ্বল বর্ণ, অপূর্ব বুদ্ধিমত্তা এবং সুবিবেচনাপূর্ণ আলাপ-ব্যবহাবের সহিত অন্তবের এই সৌন্দর্য মিশ্রিত হইয়া তাঁহাব ব্যক্তিত্বকে অতীব গম্ভীর অথচ চিত্তাকর্ষক ও প্রেরণাপ্রদ কবিয়াছিল। তাঁহার ধীরস্থিব গতি ও বাক্যালাপেব সম্মুখে সর্বপ্রকাব চপলতা এককালে শান্ত হইয়া যাইত। তাঁহাব ধীমত্তা ও অন্তর্দৃষ্টির প্রমাণ-প্রদর্শনের জন্য যেন শ্রীশ্রীমা অনেক সময় তাঁহাব সহিত দীক্ষার্থীদেব মন্ত্রাদিসম্বন্ধে আলোচনা কবিতেন। নিবেদিতা, ক্রিস্টীন ও দেবমাতা প্রভৃতি বিদেশী মহিলা তাঁহার প্রশংসায় শতমুখ ছিলেন। ঠাকুরেব অন্তরঙ্গদের সহিত, বিশেষতঃ স্বামী বিবেকানন্দের সহিত যোগীন-মার

ফল ছাড়াতে গেল , আমি বললুম, ‘ও কি গোলাপ-দিদি, গঙ্গায ডুব দিয়ে এস।’ গোলাপ-দিদি বললে, ‘তোব ইচ্ছা হয তুই যা না।’ সমস্ত শুনিযা শ্রীশ্রীমা বলিলেন, “গোলাপেব মন কত শুদ্ধ—কত উঁচু মন। তাই ওব অত শুচি-অশুচি বিচাব নেই—অত শুচিবাই-টাইযেব ধাব ধাবে না। ওব এই শেষ জন্ম। তোদেব অমন মন হতে আলাদা দেহ দবকাব।” শ্রীরামকৃষ্ণ তাই বামপ্রসাদ-বিবচিত গানটি গাহিতেন—

“শুচি-অশুচিবে লয়ে দিব্য ঘবে কবে শুবি ?
( তাদেব ) দুই সতীনে পিবীত হলে তবে শ্যামা মাকে পাবি।”

গোলাপ-মার শুদ্ধ মন সম্বন্ধে শ্রীশ্রীমা আব একটি দৃষ্টান্ত দিযাছিলেন—“বৃন্দাবনে মাধবজীব মন্দিবে আমবা দর্শন কবতে গেছি—সঙ্গে ছেলে যোগেন এবা সব। কাদেব ছেলে-মেযে যেন নোংবা ক’বে দিযে গেছে। সবাই নাক সিটকুচ্ছে, কিন্তু কেউ পবিষ্কাবেব চেষ্টা কচ্ছে না। গোলাপ তা দেখে অমনি নিজেব নূতন মকমলেব ধুতি ছিঁড়ে পবিষ্কাব কবলে। মাগীগুলো দেখে বলছে, ‘এ যখন ফেলেছে, তবে এবই ছেলে নোংবা কবেছে বে।’ আমি মনে মনে বলছি, ‘মাধব, দেখ দেখ, কি বলছে।’ কেউ বা বলছে, ‘এঁবা সাধুলোক, এঁদেব আবাব ছেলে-পিলে কি ? এঁবা ফেলছেন সব্বাযেব দর্শনেব অসুবিধা হচ্ছে—মন্দিবে মযলা বযেছে এজন্য।’ এই গঙ্গাব ঘাটেই যদি কোন মযলা দেখে তো গোলাপ হেথা-সেথা থেকে ন্যাকড়া কুড়িযে এনে পবিষ্কাব ক’বে ঘটিঘটি জল ঢেলে ধুয়ে দিলে। এতে দশজনেব সুবিধা হল। তাবা যে শান্তি পেলে ওতে গোলাপেবও মঙ্গল হবে—তাদেব শান্তিতে এবও শান্তি হবে। অনেক সাধন-তপস্যা কবলে, পূর্বজন্মেব বহু তপস্যা থাকলে তবে এজন্মে মনটি শুদ্ধ হয।”

আব গোলাপ-মাব ছিল অপূর্ব গঙ্গাভক্তি। অতি বৃদ্ধ বয়সেও তিনি

কহিলেন, "এখানে কাদা কোথায যে চট্কাব ? সবই যে কাঁকর !" ঠাকুব হাসিযা বলিলেন, "আমি কি বললুম, আর তুই কি বুঝলি ? এদেশেব মাযেদেব বড দুঃখু—তোকে তাদেব মধ্যে কাজ কবতে হবে।" গৌবী-মাব সাধনপ্রবণ ও নির্জনতাপ্রিয মন যদিও তখন বলিযাছিল, "সংসাবী লোকেব সঙ্গে আমাব পোষাবে না—হইহই আমাব ধাতে সয না। আমাব সঙ্গে কতকগুলো মেয়ে দাও, আমি তাদেব হিমালয়ে নিযে গিযে মানুষ গডে দিচ্ছি," তথাপি ঠাকুব হাত নাডিয়া বলিযাছিলেন, "না গো না, এই শহবে বসে কাজ কবতে হবে। সাধনভজন ঢেব হয়েছে—এবাব এ জীবনটাকে মাযেদেব সেবায লাগা, ওদেব বড কষ্ট।" গৌবী-মাকে পবে তাহাই কবিতে হইযাছিল, কিন্তু তখনও তিনি এজন্য প্রস্তুত ছিলেন না।

দক্ষিণেশ্বরেব এই দিনগুলি গৌবী-মাব জীবনে অতি আনন্দপ্রদ ও ফলপ্রসূ হইলেও তখনও তাঁহাব মনে তপস্যাব প্রবল আকর্ষণ থাকায এবং উদযাস্ত একাসনে বসিয়া নয়মাস সাধনা কবাব সঙ্কল্প প্রবল হওয়ায় তিনি বৃন্দাবনে চলিয়া গেলেন। এদিকে শ্রীবামকৃষ্ণও লীলাসংববণেব উদ্যোগ কবিতে লাগিলেন। গৌবী-মাব উদ্দেশ্যে সংবাদ প্রেবিত হইলেও তাহা যথাকালে তাঁহাব নিকট পৌঁছিল না। শেষ পর্যন্ত গৌবী-মাকে না দেখিযা ঠাকুব বলিয়াছিলেন, "এতকাল কাছে থেকে শেষটায় দেখতে পেলে না—আমাব ভেতবটা যেন বিল্লীতে আঁচডাচ্ছে।" পরে শ্রীশ্রীমা যখন বৃন্দাবনে গেলেন, তখন তিনি তপস্যানিবতা গৌবী-মাকে খুঁজিযা বাহিব কবিলেন এবং জানাইলেন যে, ঠাকুব শ্রীমাকে দর্শন দিয়া বৈধব্যচিহ্ন ধাবণ কবিতে নিষেধ কবিয়াছেন, আব গৌবী-মার নিকট এই বিষযে শাস্ত্রীয যুক্তি শুনিয়া লইতে বলিযাছেন। বৈষ্ণবশাস্ত্রে সুপণ্ডিতা গৌবী-মাও শাস্ত্রীয় বচন উদ্ধারপূর্বক কহিলেন, "ঠাকুব নিত্য বর্তমান, আব তুমি স্বয়ং লক্ষ্মী।

প্রথম হইতেই তাঁহাব বিশেষ চেষ্টা ছিল, আশ্রমজীবনে যাহাতে প্রাচীন হিন্দুনারীর আদর্শ রূপপরিগ্রহ করে। এই আশ্রমের শিক্ষা-প্রণালীব বিশেষত্ব লক্ষ্য করিয়া হাইকোর্টের বিচাবপতি স্যার মন্মথনাথ মুখোপাধ্যায মহাশয় লিখিয়াছিলেন, "পুরুষের এবং নাবীর শিক্ষা যে একই আদর্শে, একই পথে চলিতে পাবে না, বিজাতীয় শিক্ষা যে হিন্দুব অন্তঃপুব-বাসিনীগণের পক্ষে উপযোগী নহে, তাহা অনেকেই মর্মে অনুভব কবিতে লাগিলেন। এইরূপ শিক্ষা যখন হিন্দুর কৃষ্টি এবং সংস্কৃতিকে প্রায় সম্পূর্ণরূপে আচ্ছন্ন কবিয়া ফেলিতেছিল, এমনই সময়ে আসিলেন ঠাকুব শ্রীরামকৃষ্ণ, আসিলেন গৌবী-মা। এই তপঃসিদ্ধা দূবদৃষ্টিসম্পন্না নাবী প্রাচীন ভাবতীয় জাতীয় আদর্শের সঙ্গে আধুনিকযুগোপযোগী শিক্ষাব সামঞ্জস্যবিধান কবিযা তাঁহাব গুরুপত্নীব পবিত্র নামে · · আশ্রম প্রতিষ্ঠা কবিলেন, যাহাতে আদর্শ গৃহিণী ও জননী, আদর্শ সাধিকা ও আচার্যা গড়িয়া উঠিতে পাবেন—হিন্দুব সমাজকে সুশিক্ষাব মধ্য দিয়া কল্যাণেব পথে পবিচালিত কবিতে পাবেন।"

নিজেব ভিতব অমৃত সঞ্চিত থাকিলেই মাত্র উহা বিতবণ কবিতে অগ্রসর হওয়া শোভা পায়, নতুবা অন্ধকে পবিচালনের জন্য অন্ধেব অগ্রসব হওয়াব ন্যায় সে প্রচেষ্টা প্রহসনে পর্যবসিত হয়। আমবা দেখিযাছি যে, গৌবী-মা সাধনাবলে তাদৃশ কার্যেব সম্পূর্ণ উপযুক্ত ছিলেন। এইরূপ গুরুত্বপূর্ণ কার্যে ব্যাপৃত থাকাকালেও তাঁহাব সে সাধনার বিরাম ছিল না—তখনও চলিযাছিল নিয়মিত জপ-ধ্যান-পূজা। সঙ্গে সঙ্গে তাঁহার চবিত্রেব মাধুর্য বিভিন্নভাবে প্রকটিত হইয়া জনগণকে চমৎকৃত কবিতেছিল। দামোদবকে তিনি চেতন দেবতা ও চিরজীবনের পতি বলিয়া জানিতেন। একদিন তিনি সকল কার্যসমাপনান্তে দ্বিপ্রহরে শয়ন করিয়া আছেন, কিন্তু কেন যেন স্থির হইতে পাবিতেছেন না। অকস্মাৎ বলিয়া উঠিলেন,

উদ্দেশ্যে বাহিব হইবাব পূর্বে সাব মন্মথনাথ মুখোপাধ্যায় শ্রীযুক্ত যতীন্দ্রনাথ বসুব বাডিতে আসিলে কথাপ্রসঙ্গে যতীন্দ্রনাথ বলিলেন, "মাতাজী মেয়েমানুষ হয়ে যা কবলেন, তা সত্যি আশ্চর্য। তিনি প্রথম যখন আমাকে জমি কেনার কথা বলেন, আমি তো বিশ্বাসই করতে পাবিনি যে, আশ্রম শেষটায় এত বড হবে।" কথাটিতে আরও জোব দিয়া মন্মথনাথ বলিলেন, "মেযেমানুষ কি বলছেন, মশায ; কটা পুরুষ-মানুস একা অমন কাজ করতে পেবেছে ?" মনে রাখিতে হইবে যে, সেপ্রকাব কর্মদক্ষতা যখন বঙ্গসমাজকে অবাক কবিতেছে, তখন বঙ্গনাবীগণ 'পুবমহিলা', 'অন্তঃপুবচাবিণী', 'অবলা' ইত্যাদি শব্দেই উল্লিখিত হইতেন।

অতঃপর শেষেব কথা। বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে গৌরী-মার স্বাস্থ্য খাবাপ হইতেছিল এবং দুর্বলতা বৃদ্ধি পাইতেছিল। চিকিৎসকগণ পবামর্শ দিলেন যে, তাঁহাকে স্বাস্থ্যকব স্থানে লইয়া যাওয়া উচিত। কিন্তু গিবিডি প্রভৃতি স্থানে যাইতে তিনি পবাঙ্মুখ ছিলেন , বলিতেন, "এ বুডো বযসে তীর্থস্থান ছাড়া কোন গঙ্গাহীন দেশে আমি যাব না।" তাই তাহাকে বৈদ্যনাথ ও নবদ্বীপে লইয়া যাওয়া হয়। পরে কলিকাতায ফিবিয়া তিনি দুর্বলতাবশতঃ ক্রমে স্বকক্ষত্যাগে অক্ষম হইয়া পডিতে থাকিলেন। ঐ অবস্থায়ও ডাক্তারী ঔষধ তিনি সেবন করিতেন না, কবিবাজী ঔষধ কদাচিৎ গ্রহণ কবিতেন। তবে সৌভাগ্যের বিষয় এই যে, শেষ পর্যন্ত বার্ধক্যজনিত ক্রমবর্ধমান দুর্বলতা ছাডা তাঁহার আব কোনও উল্লেখযোগ্য পীডা ছিল না। দীক্ষিত ভক্তদিগেব প্রতি কৃপায় তখনও তাঁহাব মাতৃহৃদয় কাঁদিয়া উঠিত। পুরুষভক্তগণ উপরে যাইয়া দর্শন কবিতে পাবেন না বলিয়া তিনি কখন কখন নিষেধ না মানিযা অপবেব সাহায্যে নিম্নে আসিয়া তাঁহাদিগকে দর্শন দিতেন।

জীবনেব শেষ কয়দিন যেন ভাববাজ্যে সর্বদা দামোদরের সহিতই

ত্যাগীদের জীবনে বিন্দুমাত্র স্খলনেব আভাস পাইলে তিনি অগ্নিমূর্তি হইতেন। একবার জনৈক সাধুকে মাত্রাতিক্রমপূর্বক মেয়েমহলে মিশিতে দেখিয়া তিনি বলিয়াছিলেন, "ছি ছি! মেয়েমানুষের পেছু পেছু ছোটা! দাদা, তুমি সিংহের শাবক হযে শৃগালেব আচবণ করছ।" শেষ বয়সে যাঁহাবা তাঁহাকে দেখিযাছেন, তাঁহারা জানেন শ্রীবামকৃষ্ণেব কথা বলিতে বলিতে তিনি ভাবসমুদ্রে নিমগ্ন হইয়া কিরূপ বাহ্যজ্ঞান হাবাইতেন। তাঁহাব সমস্ত হৃদয শ্রীবামকৃষ্ণেব প্রতি অগাধ ভক্তিতে পূর্ণ ছিল।[১] তিনি বলিতেন, "আমি যা কিছু জেনেছি বা শিখেছি, সবই ঠাকুর হতে।" কামাবপুকুব, দক্ষিণেশ্বব, শ্যামপুকুব ও কাশীপুবে ঠাকুব এই অশেষ স্নেহপাত্রী ভ্রাতুষ্পুত্রীটিকে কতভাবেই না শিক্ষা দিয়াছিলেন। বস্তুতঃ লক্ষ্মী-দিদিব জীবনী-আলোচনান্তে পূজ্যপাদ স্বামী শঙ্কবানন্দজীব সহিত স্বতই বলিতে ইচ্ছা হয়, "লক্ষ্মীদেবীব জীবনীমধ্যে হিন্দু বৈধব্য-জীবনেব নিষ্ঠা, ভক্তি ও ভাবরাজ্যেব অপার আনন্দ এবং দৈবীসম্পদেব স্ফুবণ প্রভৃতি শ্রীবামকৃষ্ণদেবের লীলা ও উক্তিসমূহেব অক্ষুণ্ণ সত্যতাই জ্ঞাপন কবে" ('শ্রীশ্রীলক্ষ্মীমণি দেবী'ব মুখবন্ধ)।

---

[১] প্রধানতঃ 'শ্রীশ্রীলক্ষ্মীমণি দেবী' গ্রন্থ-অবলম্বনে এই প্রবন্ধ বচিত হইল